# প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের আওতায় ২০১৭-২০১৮ অর্থবছরের এডিপিভুক্ত সমাপ্ত প্রকল্পের মূল্যায়ন প্রতিবেদনের সার-সংক্ষেপ:

| ক্রঃ নং | মন্ত্রণালয়ের নাম | মোট সমাপ্ত প্রকল্পের সংখ্যা | সমাপ্ত প্রকল্পের ধরণ | | | মূল সময় ও ব্যয়ের তুলনায় | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | বিনিয়োগ প্রকল্পের সংখ্যা | কারিগরি প্রকল্পের সংখ্যা | জেডিসিএফ ভুক্ত প্রকল্পের সংখ্যা | সময় ও ব্যয় উভয়ই অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা | সময় অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা | সময় অতিক্রান্তের শতকরা হার (%) সর্বনিম্ন - সর্বোচ্চ | ব্যয় অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা | ব্যয় অতিক্রান্তের শতকরা হার (%) সর্বনিম্ন - সর্বোচ্চ |
| ১। | প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় | ০৪ | ০২ | ০১ | ০০ | ০২ | ০৩ | ১৮.৬৪% হতে (২২.৬৫%) | ০২ | ৮৩.৩৩% হতে ১৬০% |

## ১। সমাপ্ত প্রকল্পের সংখ্যা: ০৪টি

## ২। সমাপ্তকৃত প্রকল্পের প্রকৃত ব্যয় ও মেয়াদকাল

| ক্র: নং | প্রকল্পের নাম | প্রকৃত ব্যয় (লক্ষ টাকায়) | প্রকৃত বাস্তবায়নকাল |
|---|---|---|---|
| ১. | উপানুষ্ঠানিক শিক্ষা সাব-সেক্টর প্রোগ্রাম ডকুমেন্ট প্রণয়ন | ৮৫.০১৭১০ | এপ্রিল ২০১৭ হতে ফেব্রুয়ারী ২০১৮ |
| ২. | বিদ্যালয়বিহীন এলাকায় ১৫০০ প্রাথমিক বিদ্যালয় নির্মাণ (২য় সংশোধিত) | ৮১৫৬০.০৮ | জুলাই ২০১০ হতে জুন ২০১৮ |
| ৩. | প্রাথমিক শিক্ষা উন্নয়ন প্রকল্প (আইডিবি) (২য় সংশোধিত) | ২০,০৯০.৫৬ | জানুয়ারি ২০১২ হতে জুন ২০১৮ |
| ৪. | ইংলিশ ইন অ্যাকশন | | |

## ৪। সমাপ্তকৃত প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে প্রধান প্রধান সমস্যা ও সুপারিশ

| ক্র:নং | সমস্যাসমূহ | সুপারিশসমূহ |
|---|---|---|
| ১. | ১.১ আলোচ্য প্রকল্পের আওতায় প্রণয়নকৃত প্রোগ্রাম ডকুমেন্টটিতে বর্ণিত উপানুষ্ঠানিক শিক্ষার বিষয়ে আর্থ-সামাজিক প্রেক্ষাপট, প্রধান প্রধান কার্যক্রম/অঙ্গসমূহ, ব্যবস্থাপনা ও বাস্তবায়ন কৌশলসমূহ, রিসোর্স ও বাজেট ফ্রেমওয়ার্ক প্রভৃতি বিশ্লেষণ ও বিবেচনাপূর্বক প্রস্তাবিত ডিপিপি (প্রোগ্রাম ডকুমেন্টটি এর আলোকে প্রণীত) প্রক্রিয়াকরণ করা হয় নি।<br><br>১.২ ৭ম পঞ্চবার্ষিক পরিকল্পনায় সরকার SDG-4 এর লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে উপানুষ্ঠানিক শিক্ষা সংক্রান্ত নির্ধারিত লক্ষ্যমাত্রাসমূহ যথা : বিদ্যমান ১৫ এবং তদুর্দ্ধ বয়সী ৩.২৫ কোটি নিরক্ষর জনগোষ্ঠীকে সাক্ষরতা জ্ঞান প্রদান, ৫০ লক্ষ যুব ও বয়স্কদেরকে বাজার চাহিদা মোতাবেক দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ প্রদান , ৫০২৫টি স্থায়ী আইসিটি-ভিত্তিক 'কমিউনিটি লার্নিং সেন্টার ' স্থাপন প্রভৃতি বিষয়ে প্রণয়নকৃত প্রোগ্রাম ডকুমেন্টটিতে উল্লেখিত পর্যালোচনা ও সুপারিশের আলোকে বাস্তবায়নের নিমিত্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হয়নি।<br><br>১.৩ বাস্তবায়িত এ কারিগরি সহায়তা প্রকল্পের আওতায় ক্রয়কৃত বিভিন্ন আইটি ইকুপমেন্ট ও অন্যান্য সরঞ্জামাদির যেগুলোর ওয়ারেন্টি পিরিয়ড রয়েছে, সেগুলোর ক্ষেত্রে বিক্রয়োত্তর সেবা প্রাপ্তির নিমিত্ত বাস্তবায়নকারী সংস্থা যথাযথ ব্যবস্থা নিশ্চিত করে নি। | ১.১ 'উপানুষ্ঠানিক শিক্ষা উন্নয়ন কর্মসূচি (NFEDP)'-শীর্ষক কর্মসূচির প্রস্তাবনা তৈরির ক্ষেত্রে বাস্তবায়িত কারিগরি সহায়তার এ প্রকল্পটি ভূমিকা রেখেছে মর্মে প্রতীয়মান হয়। এ পর্যায়ে আলোচ্য প্রকল্পের আওতায় প্রণয়নকৃত প্রোগ্রাম ডকুমেন্টটিতে বর্ণিত উপানুষ্ঠানিক শিক্ষার বিষয়ে আর্থ-সামাজিক প্রেক্ষাপট, প্রধান প্রধান কার্যক্রম/অঙ্গসমূহ, ব্যবস্থাপনা ও বাস্তবায়ন কৌশলসমূহ, রিসোর্স ও বাজেট ফ্রেমওয়ার্ক প্রভৃতি বিশ্লেষণ ও বিবেচনাপূর্বক প্রস্তাবিত ডিপিপি (প্রোগ্রাম ডকুমেন্টটি এর আলোকে প্রণীত) প্রক্রিয়াকরণে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।<br><br>১.২ ৭ম পঞ্চবার্ষিক পরিকল্পনায় সরকার SDG-4 এর লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে উপানুষ্ঠানিক শিক্ষা সংক্রান্ত নির্ধারিত লক্ষ্যমাত্রাসমূহ যথা : বিদ্যমান ১৫ এবং তদুর্দ্ধ বয়সী ৩ .২৫ কোটি নিরক্ষর জনগোষ্ঠীকে সাক্ষরতা জ্ঞান প্রদান, ৫০ লক্ষ যুব ও বয়স্কদেরকে বাজার চাহিদা মোতাবেক দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ প্রদান , ৫০২৫টি স্থায়ী আইসিটি-ভিত্তিক 'কমিউনিটি লার্নিং সেন্টার ' স্থাপন প্রভৃতি বিষয়ে প্রণয়নকৃত প্রোগ্রাম ডকুমেন্টটিতে উল্লেখিত পর্যালোচনা ও সুপারিশের আলোকে বাস্তবায়নের নিমিত্ত উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরোসহ প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।<br><br>১.৩ বাস্তবায়িত এ কারিগরি সহায়তা প্রকল্পের আওতায় ক্রয়কৃত বিভিন্ন আইটি ইকুপমেন্ট ও অন্যান্য সরঞ্জামাদির যেগুলোর ওয়ারেন্টি পিরিয়ড রয়েছে, সেগুলোর ক্ষেত্রে বিক্রয়োত্তর সেবা প্রাপ্তির নিমিত্ত বাস্তবায়নকারী সংস্থা যথাযথ ব্যবস্থা নিশ্চিত করবে।<br><br>১.৪ প্রকল্প আওতায় ব্যয়িত অর্থের অডিট কার্যক্রম সম্পন্ন করতে হবে। এ বিষয়ে বাস্তবায়নকারী সংস্থা যথাযথ ব্যবস্থা নিশ্চিত করবে।<br><br>১.৫ উল্লিখিত সুপারিশসমূহের আলোকে গৃহীত পদক্ষেপ |

| ক্র:নং | সমস্যাসমূহ | সুপারিশসমূহ |
|---|---|---|
| | | সম্পর্কে সংশ্লিষ্ট মন্ত্রণালয় /বিভাগ কর্তৃক আইএমইডি-কে অবহিত করবে। |
| ২. | ২.১ বাস্তবায়িত প্রকল্পটি জুলাই, ২০১০ হতে জুন, ২০১৪ মেয়াদে বাস্তবায়নের নিমিত্ত অনুমোদিত হওয়ার পর মেয়াদ বৃদ্ধিসহ ২ বার সংশোধন এবং ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে আরও ৩ বার মেয়াদবৃদ্ধিপূর্বক (Time Over-run: ৪ বছর, ১০০%) কার্যক্রম সমাপ্ত করা হয়। প্রকল্প বাস্তবায়নে এরূপ পুন: পুন: মেয়াদবৃদ্ধি কাঙ্খিত নয়। প্রকল্প বাস্তবায়নে এরূপ দীর্ঘসূত্রিতা প্রকল্প বাস্তবায়ন ব্যয় বৃদ্ধিসহ প্রকল্পের উপযোগীতা প্রাপ্তি বিলম্বিত হয়।<br>২.২ নির্মিত বিদ্যালয়সমূহে ছাদে অনেকক্ষেত্রে পরিচ্ছন্নতার অভাবে গাছের পাতা, শেওলা এবং বিভিন্ন আগাছা জন্মে ছাদের কংক্রিটের গুনগণমান বিনষ্ট করছে মর্মে বিভিন্ন পরিদর্শনে প্রতিবেদনে উঠে আসে।<br>২.৩ বাস্তবায়িত এ প্রকল্পের অন্যতম উদ্দেশ্য হচ্ছে - বিদ্যালয়বিহীন এলাকায় ছাত্র ও ছাত্রীদের মানসম্মত শিক্ষার সুযোগ নিশ্চিত করা। এক্ষেত্রে স্থাপিত এ নতুন বিদ্যালয়সমূহে প্রয়োজনীয় সংখ্যক শিক্ষক পদায়ন করা জরুরী। বিভিন্ন পর্যায়ে পরিদর্শনে স্থাপিত এ বিদ্যালয়সমূহে শিক্ষকের অপ্রতুলতা লক্ষ্যনীয় , যা প্রকল্পের অন্যতম মূল উদ্দেশ্যকে ব্যাহত করছে।<br>২.৪ প্রকল্পের আওতায় নির্মিত টয়লেট প্রয়োজনের তুলনা অপ্রতুল। এছাড়া , পরিচ্ছন্নতার অভাব পরিলক্ষিত হয়। উপরন্তু, পার্বত্য এলাকায় অনেক ক্ষেত্রে পানির ব্যবস্থা করা সম্ভব হয়নি মর্মে জানা যায়।<br>২.৫ নির্মিত ভবনসমূহের ফ্লোর আরসিসি ঢালাই না করায় বিভিন্ন পর্যায়ে পরিদর্শনে ফ্লোরে ক্র্যাক /চিড় পরিলক্ষিত হয়েছে। | ২.১ বাস্তবায়িত প্রকল্পটি জুলাই, ২০১০ হতে জুন, ২০১৪ মেয়াদে বাস্তবায়নের নিমিত্ত অনুমোদিত হওয়ার পর মেয়াদ বৃদ্ধিসহ ২ বার সংশোধন এবং ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে আরও ৩ বার মেয়াদবৃদ্ধিপূর্বক (Time Over-run: ৪ বছর, ১০০%) কার্যক্রম সমাপ্ত করা হয়। প্রকল্প বাস্তবায়নে এরূপ পুন: পুন: মেয়াদবৃদ্ধি কাঙ্খিত নয়। প্রকল্প বাস্তবায়নে এরূপ দীর্ঘসূত্রিতা প্রকল্প বাস্তবায়ন ব্যয় বৃদ্ধিসহ প্রকল্পের উপযোগীতা প্রাপ্তি বিলম্বিত হয়। তাই ভবিষ্যতে সমজাতীয় প্রকল্পের ক্ষেত্রে মেয়াদ বৃদ্ধির এ সংস্কৃতি পরিহার করা প্রয়োজন।<br>২.২ নির্মিত বিদ্যালয়সমূহে ছাদে অনেকক্ষেত্রে পরিচ্ছন্নতার অভাবে গাছের পাতা, শেওলা এবং বিভিন্ন আগাছা জন্মে ছাদের কংক্রিটের গুনগণমান বিনষ্ট করছে মর্মে বিভিন্ন পরিদর্শনে প্রতিবেদনে উঠে আসে। এক্ষেত্রে যেহেতু, ভবনসমূহ ৪ তলা ভিতবিশিষ্ট করা হয়েছে, তাই ভবিষ্যতে এর উর্ধ্বমূখী সম্প্রসারণের ক্ষেত্র নির্মিত ভবনে ছাদের কংক্রিটের গুনগণমান অক্ষুন্ন রাখা প্রয়োজন।<br>২.৩ বাস্তবায়িত এ প্রকল্পের অন্যতম উদ্দেশ্য হচ্ছে- বিদ্যালয়বিহীন এলাকায় ছাত্র ও ছাত্রীদের মানসম্মত শিক্ষার সুযোগ নিশ্চিত করা। এক্ষেত্রে স্থাপিত এ নতুন বিদ্যালয়সমূহে প্রয়োজনীয় সংখ্যক শিক্ষক পদায়ন করা জরুরী। বিভিন্ন পর্যায়ে পরিদর্শনে স্থাপিত এ বিদ্যালয়সমূহে শিক্ষকের অপ্রতুলতা লক্ষ্যনীয়, যা প্রকল্পের অন্যতম মূল উদ্দেশ্যকে ব্যাহত করছে। এ বিষয়ে প্রশাসনিক মন্ত্রণালয়সহ বাস্তবায়নাকারী সংস্থা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।<br>২.৪ প্রকল্পের আওতায় নির্মিত টয়লেট প্রয়োজনের তুলনা অপ্রতুল। এছাড়া, পরিচ্ছন্নতার অভাব পরিলক্ষিত হয়। উপরন্তু, পার্বত্য এলাকায় অনেক ক্ষেত্রে পানির ব্যবস্থা করা সম্ভব হয়নি মর্মে জানা যায়। ছাত্র ও ছাত্রীদের মানসম্মত শিক্ষার পাশাপাশি পানি ও স্বাস্থ্যসম্মত টয়লেট ব্যবহারের উপযোগী রাখা বিশেষ প্রয়োজন। এ বিষয়ে প্রশাসনিক মন্ত্রণালয়সহ বাস্তবায়নাকারী সংস্থা |

| ক্র:নং | সমস্যাসমূহ | সুপারিশসমূহ |
|---|---|---|
| | | প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।<br><br>২.৫ স্থাপিত হুকুম আলী চৌকিদার সরকারী প্রাথমিক বিদ্যালয়, চর ভদ্রাসন, ফরিদপুর -এর নির্মিত ভবন ইতোমধ্যে নদী ভাঙ্গনের কবলে তলিয়ে গেছে মর্মে পিসিআর এ উল্লেখ করা হয়েছে। এক্ষেত্রে বিদ্যালয়টির স্থান নির্বাচনসহ অন্যান্য ক্ষেত্রে কোন ত্রুটি ছিল কিনা এ বিষয়ে প্রশাসনিক মন্ত্রণালয়সহ বাস্তবায়নাকারী সংস্থা খতিয়ে দেখে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে পারে।<br><br>২.৬ নির্মিত ভবনসমূহের ফ্লোর আরসিসি ঢালাই না করায় বিভিন্ন পর্যায়ে পরিদর্শনে ফ্লোরে ক্র্যাক/চিড় পরিলক্ষিত হয়েছে। তাই ভবিষ্যতে সমজাতীয় নির্মাণ প্রকল্পে ভবনসমূহের ফ্লোর আরসিসি ঢালাই বা যথোপযোগী বিকল্প বিবেচনা করা যেতে পারে।<br><br>২.৭ নির্মিত ভবনসমূহ যেহেতু ৪ তলা ভিতবিশিষ্ট করা হয়েছে, তাই ভবিষ্যতে প্রয়োজনের প্রেক্ষিতে সম্প্রসারণের লক্ষ্যে স্থাপিত ভবনসমূহ নির্দিষ্ট সময়ান্তে মেরামত ও রক্ষণাবেক্ষণ অব্যাহত রাখতে হবে।<br><br>২.৮ নতুন স্থাপিত এ বিদ্যালয়সমূহে শ্রেণীকক্ষের বৃদ্ধি ও বাউন্ডারী ওয়ালের (বিশেষ করে নদী/জলাধার/বড় রাস্তা/রেল লাইন পার্শ্ববর্তী) প্রয়োজনীয়তা বিভিন্ন পর্যায়ে পরিদর্শনে প্রতীয়মান হয়। এ বিষয়ে প্রশাসনিক মন্ত্রণালয়সহ বাস্তবায়নাকারী সংস্থা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে পারে।<br><br>২.৯ স্থাপিত বিদ্যালয়সমূহের প্রতিটি বিদ্যালয়বিহীন এলাকায় স্থাপন করা তথা স্থান নির্বাচন যথাযথ হয়েছে কিনা এ বিষয়ে ভবিষ্যতের প্রয়োজনে সমগ্র জরিপ করা যেতে পারে। এ বিষয়ে প্রশাসনিক মন্ত্রণালয়সহ বাস্তবায়নাকারী সংস্থা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে পারে।<br><br>২.১০ বাস্তবায়িত প্রকল্পের যথাযথভাবে অডিট সম্পন্ন করতে হবে। এ বিষয়ে বাস্তবায়নাকারী সংস্থা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।<br><br>২.১১ উল্লিখিত সুপারিশসমূহের আলোকে গৃহীত পদক্ষেপ সম্পর্কে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক আইএমইডি-কে অবহিত করবে। |

| ক্র:নং | সমস্যাসমূহ | সুপারিশসমূহ |
|---|---|---|
| ৩. | ৩.১ বাস্তবায়িত প্রকল্পটি জানুয়ারী, ২০১২ হতে জুন, ২০১৪ মেয়াদে বাস্তবায়নের নিমিত্ত অনুমোদিত হওয়ার পর ২ বার সংশোধন (তন্মধ্যে ১ বার মেয়াদবৃদ্ধিসহ সংশোধন) এবং ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে আরও ৩ বার মেয়াদবৃদ্ধিপূর্বক (Time Over-run: ৪ বছর, ১৬০%) কার্যক্রম সমাপ্ত করা হয়। প্রকল্প বাস্তবায়নে এরূপ পুন: পুন: মেয়াদবৃদ্ধি কাঙ্খিত নয়। প্রকল্প বাস্তবায়নে এরূপ দীর্ঘসূত্রিতা প্রকল্প বাস্তবায়ন ব্যয় বৃদ্ধিসহ প্রকল্পের উপযোগীতা প্রাপ্তি বিলম্বিত হয়।<br><br>৩.২ বাস্তবায়িত প্রকল্পের প্রতিটি প্যাকেজ/লটের (২০টি প্যাকেজ ও ৪টি লট) ক্ষেত্রেই চুক্তিবদ্ধ সময়কালের অতিরিক্ত সময় ব্যবহার করে বাস্তবায়ন করা হয়েছে। এ ক্ষেত্রে প্রকল্প বাস্তবায়নের শ্লথগতি প্রতীয়মান।<br><br>৩.৩ একাধিক বিদ্যালয়ের ভবন নির্মাণ কাজ (অধিকাংশ ক্ষেত্রে ৭টি বিদ্যালয়ের ভবন) একটি প্যাকেজের অন্তর্ভুক্ত করে দরপত্র প্রক্রিয়াকরণ করায় একজন ঠিকাদার ভিন্ন ভিন্ন সাইটে একই সঙ্গে সাতটি ভবনের কাজ সম্পন্ন করতে অনেক ক্ষেত্রে বিলম্বিত হয়েছে মর্মে পরিলক্ষিত হয়।<br><br>৩.৪ বাস্তবায়িত প্রকল্পের উন্নয়ন সহযোগী সংস্থা-আইডিবি হতে বাস্তবায়ন কার্যক্রমের প্রেক্ষিতে অর্থছাড়/বিল প্রদানের বিলম্ব/ধীরগতির কারনে প্রকল্প বাস্তবায়ন ব্যাহত হয়েছে মর্মে পরিলক্ষিত হয়।<br><br>৩.৫ নির্মিত ভবনসমূহে ছাদে অনেকক্ষেত্রে পরিচ্ছন্নতার অভাবে গাছের পাতা, শেওলা এবং বিভিন্ন আগাছা জন্মে ছাদের কংক্রিটের গুনগণমান বিনষ্ট করে মর্মে প্রতীয়মান হয়। | ৩.১ বাস্তবায়িত প্রকল্পটি জানুয়ারী, ২০১২ হতে জুন, ২০১৪ মেয়াদে বাস্তবায়নের নিমিত্ত অনুমোদিত হওয়ার পর ২ বার সংশোধন (তন্মধ্যে ১ বার মেয়াদবৃদ্ধিসহ সংশোধন) এবং ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে আরও ৩ বার মেয়াদবৃদ্ধিপূর্বক (Time Over-run: ৪ বছর, ১৬০%) কার্যক্রম সমাপ্ত করা হয়। প্রকল্প বাস্তবায়নে এরূপ পুন: পুন: মেয়াদবৃদ্ধি কাঙ্খিত নয়। প্রকল্প বাস্তবায়নে এরূপ দীর্ঘসূত্রিতা প্রকল্প বাস্তবায়ন ব্যয় বৃদ্ধিসহ প্রকল্পের উপযোগীতা প্রাপ্তি বিলম্বিত হয়। তাই ভবিষ্যতে সমজাতীয় প্রকল্পের ক্ষেত্রে মেয়াদ বৃদ্ধির এ সংস্কৃতি পরিহার করা প্রয়োজন।<br><br>৩.২ বাস্তবায়িত প্রকল্পের প্রতিটি প্যাকেজ/লটের (২০টি প্যাকেজ ও ৪টি লট) ক্ষেত্রেই চুক্তিবদ্ধ সময়কালের অতিরিক্ত সময় ব্যবহার করে বাস্তবায়ন করা হয়েছে। এ ক্ষেত্রে প্রকল্প বাস্তবায়নের শ্লথগতি প্রতীয়মান। তাই ভবিষ্যতে সমজাতীয় প্রকল্পের ক্ষেত্রে প্যাকেজের বাস্তবায়ন মেয়াদ যথাযথভাবে প্রাক্কলনপূর্বক বাস্তবায়নে আরও যত্নশীল হওয়া প্রয়োজন।<br><br>৩.৩ একাধিক বিদ্যালয়ের ভবন নির্মাণ কাজ (অধিকাংশ ক্ষেত্রে ৭টি বিদ্যালয়ের ভবন) একটি প্যাকেজের অন্তর্ভুক্ত করে দরপত্র প্রক্রিয়াকরণ করায় একজন ঠিকাদার ভিন্ন ভিন্ন সাইটে একই সঙ্গে সাতটি ভবনের কাজ সম্পন্ন করতে অনেক ক্ষেত্রে বিলম্বিত হয়েছে মর্মে পরিলক্ষিত হয়। এ ক্ষেত্রে বিদ্যালয় প্রতি আলাদা আলাদা প্যাকেজে বা যথোপযোগী পদ্ধতিতে দরপত্র প্রক্রিয়াকরণ বাঞ্ছনীয় ছিল। ভবিষ্যতে সমজাতীয় প্রকল্প বাস্তবায়নে মন্ত্রণালয় ও বাস্তবায়নকারী সংস্থা প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করবে।<br><br>৩.৪ বাস্তবায়িত প্রকল্পের উন্নয়ন সহযোগী সংস্থা-আইডিবি হতে বাস্তবায়ন কার্যক্রমের প্রেক্ষিতে অর্থছাড়/বিল প্রদানের বিলম্ব/ধীরগতির কারনে প্রকল্প বাস্তবায়ন ব্যাহত হয়েছে মর্মে পরিলক্ষিত হয়। ভবিষ্যতে সমজাতীয় প্রকল্প বাস্তবায়নে উন্নয়ন সহযোগী সংস্থার অর্থপ্রাপ্তি নিশ্চিতকরণ ও ফান্ড ব্যবস্থাপনায় আরও সতর্ক ও যত্নবান হওয়া প্রয়োজন। |

| ক্র:নং | সমস্যাসমূহ | সুপারিশসমূহ |
|---|---|---|
| | | ৩.৫ প্রকল্পের আওতায় নির্বাচিত প্রতিটি স্কুলে প্রদেয় Teaching & Learning Materials (TLM) সরবরাহ (ল্যাপটপ, মাল্টিমিডিয়া, এন্টারেকটিভ হোয়াইট বোর্ড, সাউন্ড সিস্টেম) এবং অন্যান্য আনুষঙ্গিক যন্ত্রাদি বিশেষকরে যেগুলোর ওয়ারেন্টি পিরিয়ড রয়েছে, সেগুলোর ক্ষেত্রে বিক্রয়োত্তর সেবা প্রাপ্তি, রক্ষণাবেক্ষণ ও ট্রাবলসুটিং তথা নিরবিচ্ছিন্ন ব্যবহার নিশ্চিতকরণের লক্ষ্যে ব্যবহার গাইডলাইন প্রণয়নসহ বাস্তবায়নকারী সংস্থা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।<br><br>৩.৬ নির্মিত ভবনসমূহে ছাদে অনেকক্ষেত্রে পরিচ্ছন্নতার অভাবে গাছের পাতা, শেওলা এবং বিভিন্ন আগাছা জন্মে ছাদের কংক্রিটের গুনগণমান বিনষ্ট করে মর্মে প্রতীয়মান হয়। এক্ষেত্রে যেহেতু, ভবনসমূহ ৪ তলা ভিতবিশিষ্ট করা হয়েছে, তাই ভবিষ্যতে এর উর্ধ্বমূখী সম্প্রসারণের ক্ষেত্র নির্মিত ভবনে ছাদের কংক্রিটের গুনগণমান অক্ষুন্ন রাখা প্রয়োজন।<br><br>৩.৭ প্রকল্পের আওতায় নির্মিত ওয়াশ ব্লক ও টিউবওয়েল পরিচ্ছন্ন ও ব্যবহার উপযোগী রাখা জরুরী। এছাড়া, ভবনসমূহ যেহেতু ৪ তলা ভিতবিশিষ্ট করা হয়েছে, তাই ভবিষ্যতে প্রয়োজনের প্রেক্ষিতে সম্প্রসারণের লক্ষ্যে স্থাপিত ভবনসমূহ নির্দিষ্ট সময়ান্তে মেরামত ও রক্ষণাবেক্ষণ অব্যাহত রাখতে হবে।<br><br>৩.৮ প্রকল্পে আওতাভুক্ত বিদ্যালয়সমূহে ক্ষেত্র বিশেষ বাউন্ডারী ওয়ালের (বিশেষ করে নদী/জলাধার/বড় রাস্তা/রেল লাইন পার্শ্ববর্তী) প্রয়োজনীয়তা বিভিন্ন পর্যায়ে পরিদর্শনে প্রতীয়মান হয়। এ বিষয়ে প্রশাসনিক মন্ত্রণালয়সহ বাস্তবায়নকারী সংস্থা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে পারে।<br><br>৩.৯ আলোচ্য প্রকল্পের অন্যতম উদ্দেশ্য হচ্ছে প্রকল্প এলাকায় শিক্ষার উন্নত পরিবেশ সৃষ্টি ও সকল শিক্ষার্থীর ভর্তি নিশ্চিত করা। এ ক্ষেত্রে উল্লেখিত এ উদ্দেশ্যটি কতটুকু সফলভাবে অর্জিত হয়েছে তার কোন পরিসংখ্যানগত তথ্য পিসিআর এ উল্লেখ নেই। এ বিষয়ে আলোচ্য প্রকল্পের প্রভাব মূল্যায়ন করে দেখা যেতে পারে। বর্ণিত ক্ষেত্রে প্রশাসনিক মন্ত্রণালয়সহ বাস্তবায়নাকারী সংস্থা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। |

| ক্র:নং | সমস্যাসমূহ | সুপারিশসমূহ |
|---|---|---|
| | | ৩.১০ বাস্তবায়িত প্রকল্পের যথাযথভাবে অডিট সম্পন্ন করতে হবে। এ বিষয়ে বাস্তবায়নাকারী সংস্থা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।<br>৩.১১ উল্লিখিত সুপারিশসমূহের আলোকে গৃহীত পদক্ষেপ সম্পর্কে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক আইএমইডি-কে অবহিত করবে। |

# বিদ্যালয়বিহীন এলাকায় ১৫০০ প্রাথমিক বিদ্যালয় নির্মাণ (২য় সংশোধিত) সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন
**(সমাপ্ত: জুন, ২০১৮)**

**১। প্রকল্পের নামঃ** "বিদ্যালয়বিহীন এলাকায় ১৫০০ প্রাথমিক বিদ্যালয় নির্মাণ (২য় সংশোধিত)।"

**২। (ক) প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগঃ** প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়।

**(খ) বাস্তবায়নকারী সংস্থাঃ** প্রাথমিক শিক্ষা অধিদপ্তর।

**৩। প্রকল্পের অবস্থানঃ** সমগ্র বাংলাদেশ।

**৪। প্রকল্পের বাস্তবায়ন সময় ও ব্যয়ঃ**

(লক্ষ টাকায়)

| প্রাক্কলিত ব্যয় | | প্রকৃত ব্যয় | পরিকল্পিত বাস্তবায়নকাল | | প্রকৃত বাস্তবায়ন কাল | অতিক্রান্ত ব্যয় (মূল প্রঃ ব্যয়ের %) | অতিক্রান্ত সময় (মূল বাস্তবায়ন কালের %) |
|---|---|---|---|---|---|---|---|
| মূল | সর্বশেষ সংশোধিত | | মূল | সর্বশেষ সংশোধিত (ব্যয় ব্যতিরেকে মেয়াদ বৃদ্ধিসহ) | | | |
| মোট টাকা প্রঃসাঃ | মোট টাকা প্রঃসাঃ | | | | | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| ৭৩৮৪৫.৮৫<br>৭৩৮৪৫.৮৫<br>---- | ৯০৫৭৪.৯৪<br>৯০৫৭৪.৯৪<br>---- | ৮১৫৬০.০৮<br>৮১৫৬০.০৮ | ০১ জুলাই ২০১০ হতে ৩০ জুন ২০১৪ | ০১ জুলাই ২০১০ হতে ৩০ জুন ২০১৮ | ০১ জুলাই ২০১০ হতে ৩০ জুন ২০১৮ | ১৬৭২৯.০৯ (২২.৬৫%) | ৪ বছর (১০০%) |

**৫। প্রকল্পের অংগভিত্তিক বাস্তবায়ন (মন্ত্রণালয় হতে প্রাপ্ত প্রকল্প সমাপ্তি প্রতিবেদন (পিসিআর)-এর ভিত্তিতে):**

(লক্ষ টাকায়)

| ক্রমিক নং | সর্বশেষ অনুমোদিত ডিপিপি অনুযায়ী কাজের অংগ | সংখ্যা/ পরিমাণ | সর্বশেষ অনুমোদিত আরডিপিপি অনুযায়ী লক্ষ্যমাত্রা | | প্রকৃত বাস্তবায়ন | |
|---|---|---|---|---|---|---|
| | | | আর্থিক | বাস্তব | আর্থিক (%) | বাস্তব (%) |
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৭) | (৬) |
| **(ক) রাজস্ব ব্যয়ঃ** | | | | | | |
| ১. | অফিসারদের বেতন | জন | ১১০.২৪ | ৪ | ৯৮.২২ | ৪ |
| ২. | কর্মচারীদের বেতন | জন | ৩৪.২৬ | ৪ | ৩০.৫৫ | ৪ |
| ৩. | ভাতাদি | জন | ৮৭.৪২ | ৪ | ৭৭.৮৬ | ৪ |
| | **সরবরাহ ও সেবাঃ** | | | | | |
| ৪. | প্রকল্পের অপারেশন ব্যয় | থোক | ১৩৫.৬৬ | থোক | ১১৪.৭৬ | থোক |
| | **মেরামত ও রক্ষণাবেক্ষনঃ** | | | | | |
| ৫. | মেরামত ও পুনঃস্থাপন | থোক | ২০.৬০ | থোক | ১১.৮৮ | থোক |
| **(খ) মূলধন ব্যয়ঃ** | | | | | | |
| | **সম্পদ সংগ্রহঃ** | | | | | |
| ৬. | যানবাহন | সংখ্যা | ৫৩.০০ | ১ | ৫৩.০০ | ১ |
| ৭. | হেবি ফটোকপিয়ার | সংখ্যা | ৯.৮০ | ২ | ৯.৮০ | ২ |
| ৮. | ডেস্কটপ কম্পিউটার | সেট | ৩.৬৭ | ৫ | ৩.৬৬ | ৫ |

| ক্রমিক নং | সর্বশেষ অনুমোদিত ডিপিপি অনুযায়ী কাজের অংগ | সংখ্যা/ পরিমাণ | সর্বশেষ অনুমোদিত আরডিপিপি অনুযায়ী লক্ষ্যমাত্রা | | প্রকৃত বাস্তবায়ন | |
|---|---|---|---|---|---|---|
| | | | আর্থিক | বাস্তব | আর্থিক (%) | বাস্তব (%) |
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৭) | (৬) |
| ৯. | ল্যাবটপ কম্পিউটার | সংখ্যা | ০.৯৯ | ১ | ০.৯৯ | ১ |
| ১০. | ইয়ার কন্ডিশন | সংখ্যা | ০.৫৯ | ১ | ০.৫৯ | ১ |
| ১১. | ফ্যাক্স মেশিন | সংখ্যা | ০.৬০ | ২ | ০.৬০ | ২ |
| ১২. | স্পাইরাল বাইন্ডিং | সংখ্যা | ০.২০ | ১ | ০.০০ | ০ |
| ১৩. | স্ক্যানার | সংখ্যা | ০.১০ | ১ | ০.০০ | ০ |
| ১৪. | জমি অধিগ্রহণ | সংখ্যা | ১৫০০.০০ | ৯৮ | ২০০.৭৫ | -- |
| ১৫. | জমি ভরাট | সংখ্যা | ৪৯০.০০ | ১০৫ | ০.০০ | ০ |
| ১৬. | উর্ধ্বমূখী সম্প্রসারণ/নির্মাণ/সাইক্লোন সেন্টার | সংখ্যা | ৮৩৯৪৫.৩২ | ১৫০০ | ৭৯০৬৭.২৯ | ১৪৯৫ |
| ১৭. | সোলার প্যানেল | সংখ্যা | ৪০০.০০ | ৮০ | ০.০০ | ০ |
| ১৮. | পেশাগত ফি (এলজিইডির জন্য) | ২% | ১৭৩০.৭৮ | -- | ১৫৭৭.২৯ | ২% |
| ১৯. | বিবিধ (মাটি পরীক্ষা) | সংখ্যা | ৩৪৮.০৫ | ১৪০৫ | ৩১২.৮৪ | ১৩৩৪ |
| **(গ)** | **Physical Contingency & Price Contingency** | ১% | ৮৫১.৮৩ | -- | ০.০০ | ০% |
| (ঘ) | **Price escalation** | ১% | ৮৫১.৮৩ | -- | ০.০০ | ০% |
| | **সর্বমোট =** | | **৯০৫৭৪.৯৪** | | **৮১৫৬০.০৮** | |

**৬। কাজ অসমাপ্ত থাকলে তার কারণঃ**

আদালতে মামলার কারনে ৫টি বিদ্যালয় স্থাপন করা সম্ভব হয়নি মর্মে পিসিআর এ উল্লেখ করা হয়েছে। এছাড়া, ইতোমধ্যে স্থাপিত ০১টি বিদ্যালয় (হুকুম আলী চৌকিদার সরকারী প্রাথমিক বিদ্যালয়, চর ভদ্রাসন, ফরিদপুর) নদী ভাঙ্গানের কবলে তলিয়ে গেছে মর্মে পিসিআর এ উল্লেখ করা হয়েছে।

**৭। সাধারণ পর্যবেক্ষণঃ**

**৭.১। পটভূমিঃ**

দেশের গ্রামাঞ্চলে বিদ্যালয়বিহীন এলাকায় বিদ্যালয় গমনোপযোগী দেশের সকল শিশুকে বিদ্যালয়ে গমনের সুযোগ প্রদানের লক্ষ্যে বাংলাদেশে যে সকল এলাকায় কোন প্রাথমিক বিদ্যালয় নেই সে সকল এলাকায় প্রাথমিক বিদ্যালয় স্থাপন এবং এর সাথে স্বাস্থ্যসম্মত টয়লেট ও আর্সেনিকমুক্ত টিউবওয়েল স্থাপনের লক্ষ্যে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় কর্তৃক আলোচ্য প্রকল্পটি গ্রহণের পরিকল্পনা করা হয়। প্রকল্পটির অধীনে ১৫০০টি প্রাথমিক বিদ্যালয়ের মধ্যে বন্যামুক্ত, চর, হাওড় ও নদী ভাঙ্গান এলাকা অনুযায়ী টাইপ ভিত্তিক (Type A: 1325 nos. Type-D: 95, Need Based: 80) প্রাথমিক বিদ্যালয় নির্মাণের পরিকল্পনার সন্নিবেশ ছিল। বিদ্যালয়বিহীন এলাকায় বিদ্যালয় নির্মাণের জন্য সারা দেশে জরিপের মাধ্যমে গ্রাম নির্বাচনপূর্বক দানকৃত ও খাস জমির উপর বিদ্যালয় নির্মাণের পক্ষে সিদ্ধান্ত নেয়া হয়েছিল।

**৭.২। প্রকল্পের উদ্দেশ্যঃ**

(ক) বিদ্যালয়বিহীন এলাকায় ১৫০০টি প্রাথমিক বিদ্যালয় স্থাপন;

(খ) বিদ্যালয়বিহীন এলাকায় ছাত্র ও ছাত্রীদের মানসম্মত শিক্ষার সুযোগ নিশ্চিত করা;

(গ) বিদ্যালয়বিহীন এলাকায় পানি ও স্যানিটেশন সুবিধা স্থাপন;

(ঘ) স্থাপিত বিদ্যালয়সমূহে আসবাবপত্র সরবরাহ করা;

**৭.৩। অনুমোদন পর্যায়সমূহঃ**

দেশের গ্রামাঞ্চলে বিদ্যালয়বিহীন এলাকায় প্রাথমিক শিক্ষার সুযোগ সৃষ্টি করার উদ্দেশ্য নিয়ে বিবেচ্য প্রকল্পটি সম্পূর্ণ বাংলাদেশ সরকারের অর্থায়নে মোট ৭৩৮৪৫.৮৪ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে জুলাই, ২০১০ হতে জুন, ২০১৪ পর্যন্ত বাস্তবায়ন মেয়াদে গত ০৫/১০/২০১০ তারিখে অনুষ্ঠিত একনেক সভায় অনুমোদিত হয়। পরবর্তীতে প্রকল্পটির ব্যয় বৃদ্ধিপূর্বক ৮৩৮৬৭.৫১ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে এবং বাস্তবায়ন কাল ০১ (এক) বছর বৃদ্ধি করে ১ম সংশোধন করে জুলাই, ২০১০ হতে জুন, ২০১৫ পর্যন্ত বৃদ্ধি করা হয়। এর পরবর্তীতে ডিপিপি'র ২য় সংশোধনীতে প্রকল্পের মেয়াদ আরও ০১ (এক) বছর ০৬ (ছয়) মাস বৃদ্ধি করে ৩১ ডিসেম্বর ২০১৬ তারিখ পর্যন্ত এবং বরাদ্দের পরিমাণ বৃদ্ধি করে ৯০৫৭৪.৯৪ লক্ষ টাকা করা হয়। অত:পর বিভিন্ন প্রেক্ষাপটে ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে প্রকল্পের মেয়াদ আরও ০৬ মাস বৃদ্ধি (১ম বার) করে ৩০ জুন ২০১৭ পর্যন্ত নির্ধারণ করা হয়। এর পরবর্তীতে ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে প্রকল্পের মেয়াদ ০৬ মাস বৃদ্ধি (২য় বার) করে ৩১ ডিসেম্বর ২০১৭ পর্যন্ত নির্ধারণ করা হয়। বর্ণিতাবস্থায়, অনুমোদিত মেয়াদকালে প্রকল্পের কাজ শতভাগ সমাপ্ত না হওয়ায় ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে এর মেয়াদ আরও ০৬ (ছয়) মাস বৃদ্ধি (৩য় বার) করে ৩০ জুন ২০১৮ করা হয়।

**৭.৪। প্রকল্পের মূল কার্যক্রমঃ**

(ক) বিদ্যালয়বিহীন এলাকায় ১৫০০টি প্রাথমিক বিদ্যালয় স্থাপন;

(খ) প্রতিটি বিদ্যালয়ে ছাত্র ও ছাত্রীদের জন্য পৃথক ২টি করে টয়লেট স্থাপন;

(গ) প্রতিটি বিদ্যালয়ে একটি করে আর্সেনিকমুক্ত নলকূপ স্থাপন;

(ঘ) প্রতিটি বিদ্যালয়ে ৪৮ জোড়া বেঞ্চ, ৭টি টেবিল/৭টি চেয়ার ও ১টি করে আলামারী সরবরাহ।

**৭.৫। প্রকল্প ব্যবস্থাপনাঃ**

প্রকল্পের সুষ্ঠু বাস্তবায়নের জন্য প্রকল্প মেয়াদে নিম্নবর্ণিত কর্মকর্তা বিভিন্ন সময়ে প্রকল্প পরিচালকের দায়িত্বে নিয়োজিত ছিলেনঃ

| Name & Designation | Full time | Part time | Responsible for more than one project | Date of Joining | Date of Transfer |
|---|---|---|---|---|---|
| 1 | 2 | 3 | 4 | 5 | 6 |
| Bablu Kumar Saha<br>Deputy Secretary | | Part time | No | 24.11.2010 | 10.04.2011 |
| Monoj Mohan mitro<br>Joint Secretary | Full time | | No | 11.04.2011 | 23.08.2011 |
| Md. Sirajul Islam<br>Joint Secretary | Full time | | No | 24.08.2011 | 12.10.2011 |
| MD. Rafiqul Islam<br>Associate Professor | | Part time | No | 13.10.2011 | 16.11.2011 |
| Md. Sirajul Islam<br>Joint Secretary | Full time | | No | 17.11.2011 | 15.03.2013 |
| Mohammad Mahfuzul Hoque<br>Joint Secretary | | Part time | Yes | 16.03.2013 | 29.03.2013 |

| Name & Designation | Full time | Part time | Responsible for more than one project | Date of Joining | Date of Transfer |
|---|---|---|---|---|---|
| 1 | 2 | 3 | 4 | 5 | 6 |
| Md. Sirajul Islam<br>Joint Secretary | Full time | | No | 30.30.2013 | 13.02-2014 |
| Abdul Mannan<br>Joint Secretary | | Part time | Yes | 14.02.2014 | 28.02.2014 |
| Md. Sirajul Islam<br>(Joint/Additional Secretary) | Full time | | No | 29.02.2014 | 17.05.2015 |
| Md. Enayet Hussain<br>(Joint Secretary) | | Part time | Yes | 17.05.2015 | 24.05.2015 |
| Muijul Shahan Khan<br>(Additional Secretary) | Full time | | No | 24.05.2015 | 20.08.2015 |
| Md. Enayet Hussain<br>(Joint Secretary) | | Part time | Yes | 21.08.2015 | 08.11.2015 |
| Muijul Shahan Khan<br>(Additional Secretary) | Full time | | No | 09.11.2015 | 11.08.2016 |
| Khonder MD. Ruhul Amin<br>(Deputy Secretary) | | Part time | No | 12.08.2016 | 31.10.2016 |
| Dr. Yeameen Akbory<br>(Joint Secretary) | Full time | | No | 01.11.2016 | 22.10.2017 |
| Khonder MD. Ruhul Amin<br>(Deputy Secretary) | | Part time | No | 23.10.2017 | 30.06.2018 |

**৮। মূল্যায়ন পদ্ধতি ( Methodology)**:

মূল্যায়ন প্রতিবেদনটি প্রণয়ণে নিম্নোক্ত পদ্ধতি (Methodology) অনুসরণ করা হয়েছেঃ-

(ক) ডিপিপি, মনিটরিং রিপোর্ট ও বিভিন্ন সভায় প্রকাশিত প্রতিবেদন পর্যালোচনা;

(খ) মন্ত্রণালয় কর্তৃক প্রেরিত পিসিআর পর্যালোচনা;

(গ) PEC, Steering Committee সহ বিভিন্ন গুরুত্বপূর্ণ সভার কার্যবিবরণী পর্যালোচনা;

(ঘ) কাজের মান ও বাস্তব অগ্রগতি যাচাই ও তথ্য সংগ্রহের জন্য সরেজমিনে পরিদর্শন; এবং

(ঙ) প্রাপ্ত তথ্যের ভিত্তিতে সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে আলোচনা।

**৯। অর্থবছর ভিত্তিক অগ্রগতিঃ**

জুলাই ২০১০ হতে জুন ২০১৮ পর্যন্ত সর্বশেষ অনুমোদিত মেয়াদে বাস্তবায়িত এ প্রকল্পটির অনুমোদিত প্রাক্কলিত ব্যয় ৯০৫৭৪.৯৪ লক্ষ টাকার (সর্বশেষ সংশোধিত) বিপরীত প্রকৃত ব্যয় হয়েছে ৮১৫৬০.০৮ লক্ষ টাকা, যা অনুমোদিত ব্যয় বরাদ্ধের ৯০.০৪%। পিসিআর -এ আলোচ্য প্রকল্পটির অনুকূলে ২০১০-১১ হতে ২০১৭-১৮ পর্যন্ত অর্থ বছরভিত্তিক সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচীর আওতায় বরাদ্দ, অবমুক্তি ও ব্যয় নিম্নে দেখানো হলঃ

| আর্থিক বৎসর | সংশোধিত এডিপি বরাদ্দ ও লক্ষ্যমাত্রা | | | | অর্থছাড় | ব্যয় ও বাস্তব অগ্রগতি | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | মোট | টাকা | প্রকল্প সাহায্য | বাস্তব (%) | | মোট | টাকা | প্রকল্প সাহায্য | বাস্তব (%) |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ২০১০-১১ | ২৫.০০ | ২৫.০০ | -- | ০.০২৮ | ২৫.০০ | ৩.২১ | ৩.২১ | -- | ১২.৮৪০ |
| ২০১১-১২ | ৭৯৫৫.০০ | ৭৯৫৫.০০ | -- | ৮.৯৯১ | ৭৯৫৫.০০ | ৭,৮১০.০২ | ৭,৮১০.০২ | -- | ৯৮.১৭৭ |
| ২০১২-১৩ | ১৯,০০০.০০ | ১৯,০০০.০০ | -- | ২১.৪৭৪ | ১৯,০০০.০০ | ১৮,৬৮৭.৬৩ | ১৮,৬৮৭.৬৩ | -- | ৯৮.৩৫৬ |
| ২০১৩-১৪ | ২০,০০০.০০ | ২০,০০০.০০ | -- | ২২.৬০৪ | ২০,০০০.০০ | ১৯,৮২৬.৪৪ | ১৯,৮২৬.৪৪ | -- | ৯৯.১৩২ |
| ২০১৪-১৫ | ১৫,০০০.০০ | ১৫,০০০.০০ | -- | ১৬.৯৫৩ | ১৫,০০০.০০ | ১৪,৪৮২.১১ | ১৪,৪৮২.১১ | -- | ৯৬.৫৪৭ |
| ২০১৫-১৬ | ৬,০০০.০০ | ৬,০০০.০০ | -- | ৬.৭৮১ | ৬,০০০.০০ | ৫,৭৭৫.৯৩ | ৫,৭৭৫.৯৩ | -- | ৯৬.২৬৬ |
| ২০১৬-১৭ | ১৮,৭০০.০০ | ১৮,৭০০.০০ | -- | ২১.১৩৫ | ১৩,৯৫০.০০ | ১৩,৩০১.৩২ | ১৩,৩০১.৩২ | -- | ৯৫.৩৫০ |
| ২০১৭-১৮ | ১,৮০০.০০ | ১,৮০০.০০ | -- | ২.০৩৪ | ১,৮০০.০০ | ১,৬৭৩.৪২ | ১,৬৭৩.৪২ | -- | ৯২.৯৬৮ |
| **মোট** | **৮৮,৪৮০.০০** | **৮৮,৪৮০.০০** | -- | **১০০.০০০** | **৮৩,৭৩০.০০** | **৮১,৫৬০.০৮** | **৮১,৫৬০.০৮** | -- | **৯৭.৪০৮** |

## ১০। প্রকল্পের উদ্দেশ্য ও অর্জনঃ

| পরিকল্পিত উদ্দেশ্য | অর্জন |
|---|---|
| বিদ্যালয়বিহীন এলাকায় ১৫০০টি (Type A: 1325 nos. Type-D: 95, Need Based: 80) প্রাথমিক বিদ্যালয় স্থাপন; | বিদ্যালয়বিহীন এলাকায় ১৪৯৫টি (Type A: 1331 nos., Type D: 100 nos. & Need Based: 64 nos.) প্রাথমিক বিদ্যালয় স্থাপন করা হয়েছে। উল্লেখ যে, আদালতে মামলার কারনে ৫টি বিদ্যালয় স্থাপন করা সম্ভব হয়নি মর্মে পিসিআর এ উল্লেখ করা হয়েছে। |
| বিদ্যালয়বিহীন এলাকায় ছাত্র ও ছাত্রীদের মানসম্মত শিক্ষার সুযোগ নিশ্চিত করা; | বিদ্যালয়বিহীন এলাকায় ১৪৯৫টি প্রাথমিক বিদ্যালয় স্থাপনের মাধ্যমে ছাত্র ও ছাত্রীদের মানসম্মত শিক্ষার সুযোগ নিশ্চিত করা হয়েছে মর্মে পিসিআর এ উল্লেখ করা হয়েছে। |
| বিদ্যালয়বিহীন এলাকায় পানি ও স্যানিটেশন সুবিধা স্থাপন; | বিদ্যালয়বিহীন এলাকায় পানি ও স্যানিটেশন সুবিধা স্থাপন করা হয়েছে মর্মে পিসিআর এ উল্লেখ করা হয়েছে। |
| স্থাপিত বিদ্যালয়সমূহে আসবাবপত্র সরবরাহ করা; | স্থাপিত বিদ্যালয়সমূহে আসবাবপত্র সরবরাহ করা হয়েছে মর্মে পিসিআর এ উল্লেখ করা হয়েছে। |

## ১১। উদ্দেশ্য অর্জিত না হলে উহার কারণ ঃ

আদালতে মামলার কারনে ৫টি বিদ্যালয় স্থাপন করা সম্ভব হয়নি মর্মে পিসিআর এ উল্লেখ করা হয়েছে। এছাড়া, ইতোমধ্যে স্থাপিত ০১টি বিদ্যালয় (হুকুম আলী চৌকিদার সরকারী প্রাথমিক বিদ্যালয়, চর ভদ্রাসন, ফরিদপুর) নদী ভাঙ্গনের কবলে তলিয়ে গেছে মর্মে পিসিআর এ উল্লেখ করা হয়েছে।

## ১২। পর্যবেক্ষণ ও সুপারিশঃ

১২.১. বাস্তবায়িত প্রকল্পটি জুলাই, ২০১০ হতে জুন, ২০১৪ মেয়াদে বাস্তবায়নের নিমিত্ত অনুমোদিত হওয়ার পর মেয়াদ বৃদ্ধিসহ ২ বার সংশোধন এবং ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে আরও ৩ বার মেয়াদবৃদ্ধি পূর্বক (Time Over-run: ৪ বছর, ১০০%) কার্যক্রম সমাপ্ত করা হয় । প্রকল্প বাস্তবায়নে এরূপ পুন: পুন: মেয়াদবৃদ্ধি কাঙ্খিত নয়। প্রকল্প বাস্তবায়নে এরূপ দীর্ঘসূত্রিতা প্রকল্প বাস্তবায়ন ব্যয় বৃদ্ধিসহ প্রকল্পের উপযোগীতা প্রাপ্তি বিলম্বিত হয়। তাই ভবিষ্যতে সমজাতীয় প্রকল্পের ক্ষেত্রে মেয়াদ বৃদ্ধির এ সংস্কৃতি পরিহার করা প্রয়োজন।

১২.২. নির্মিত বিদ্যালয়সমূহে ছাদে অনেকক্ষেত্রে পরিচ্ছন্নতার অভাবে গাছের পাতা , শেওলা এবং বিভিন্ন আগাছা জন্মে ছাদের কংক্রিটের গুনগণমান বিনষ্ট করছে মর্মে বিভিন্ন পরিদর্শনে প্রতিবেদনে উঠে আসে। এক্ষেত্রে যেহেতু, ভবনসমূহ ৪ তলা ভিতবিশিষ্ট করা হয়েছে, তাই ভবিষ্যতে এর উর্ধ্বমূখী সম্প্রসারণের ক্ষেত্র নির্মিত ভবনে ছাদের কংক্রিটের গুনগণমান অক্ষুন্ন রাখা প্রয়োজন।

১২.৩. বাস্তবায়িত এ প্রকল্পের অন্যতম উদ্দেশ্য হচ্ছে- বিদ্যালয়বিহীন এলাকায় ছাত্র ও ছাত্রীদের মানসম্মত শিক্ষার সুযোগ নিশ্চিত করা। এক্ষেত্রে স্থাপিত এ নতুন বিদ্যালয়সমূহে প্রয়োজনীয় সংখ্যক শিক্ষক পদায়ন করা জরুরী। বিভিন্ন পর্যায়ে পরিদর্শনে স্থাপিত এ বিদ্যালয়সমূহে শিক্ষকের অপ্রতুলতা লক্ষ্যনীয়, যা প্রকল্পের অন্যতম মূল উদ্দেশ্যকে ব্যাহত করছে। এ বিষয়ে প্রশাসনিক মন্ত্রণালয়সহ বাস্তবায়নাকারী সংস্থা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

১২.৪. প্রকল্পের আওতায় নির্মিত টয়লেট প্রয়োজনের তুলনা অপ্রতুল। এছাড়া, পরিচ্ছন্নতার অভাব পরিলক্ষিত হয়। উপরন্তু, পার্বত্য এলাকায় অনেক ক্ষেত্রে পানির ব্যবস্থা করা সম্ভব হয়নি মর্মে জানা যায়। ছাত্র ও ছাত্রীদের মানসম্মত শিক্ষার পাশাপাশি পানি ও স্বাস্থ্যসম্মত টয়লেট ব্যবহারের উপযোগী রাখা বিশেষ প্রয়োজন। এ বিষয়ে প্রশাসনিক মন্ত্রণালয়সহ বাস্তবায়নাকারী সংস্থা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

১২.৫. স্থাপিত হুকুম আলী চৌকিদার সরকারী প্রাথমিক বিদ্যালয়, চর ভদ্রাসন, ফরিদপুর -এর নির্মিত ভবন ইতোমধ্যে নদী ভাঙ্গনের কবলে তলিয়ে গেছে মর্মে পিসিআর এ উল্লেখ করা হয়েছে। এক্ষেত্রে বিদ্যালয়টির স্থান নির্বাচনসহ অন্যান্য ক্ষেত্রে কোন ত্রুটি ছিল কিনা এ বিষয়ে প্রশাসনিক মন্ত্রণালয়সহ বাস্তবায়নাকারী সংস্থা খতিয়ে দেখে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে পারে।

১২.৬. নির্মিত ভবনসমূহের ফ্লোর আরসিসি ঢালাই না করায় বিভিন্ন পর্যায়ে পরিদর্শনে ফ্লোরে ক্র্যাক/চিড় পরিলক্ষিত হয়েছে। তাই ভবিষ্যতে সমজাতীয় নির্মাণ প্রকল্পে ভবনসমূহের ফ্লোর আরসিসি ঢালাই বা যথোপযোগী বিকল্প বিবেচনা করা যেতে পারে।

১২.৭. নির্মিত ভবনসমূহ যেহেতু ৪ তলা ভিতবিশিষ্ট করা হয়েছে, তাই ভবিষ্যতে প্রয়োজনের প্রেক্ষিতে সম্প্রসারণের লক্ষ্যে স্থাপিত ভবনসমূহ নির্দিষ্ট সময়ান্তে মেরামত ও রক্ষণাবেক্ষণ অব্যাহত রাখতে হবে।

১২.৮. নতুন স্থাপিত এ বিদ্যালয়সমূহে শ্রেণীকক্ষের বৃদ্ধি ও বাউন্ডারী ওয়ালের (বিশেষ করে নদী/জলাধার/বড় রাস্তা/রেল লাইন পার্শ্ববর্তী) প্রয়োজনীয়তা বিভিন্ন পর্যায়ে পরিদর্শনে প্রতীয়মান হয়। এ বিষয়ে প্রশাসনিক মন্ত্রণালয়সহ বাস্তবায়নাকারী সংস্থা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে পারে।

১২.৯. স্থাপিত বিদ্যালয়সমূহের প্রতিটি বিদ্যালয়বিহীন এলাকায় স্থাপন করা তথা স্থান নির্বাচন যথাযথ হয়েছে কিনা এ বিষয়ে ভবিষ্যতের প্রয়োজনে সমগ্র জরিপ করা যেতে পারে। এ বিষয়ে প্রশাসনিক মন্ত্রণালয়সহ বাস্তবায়নাকারী সংস্থা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে পারে।

১২.১০. বাস্তবায়িত প্রকল্পের যথাযথভাবে অডিট সম্পন্ন করতে হবে। এ বিষয়ে বাস্তবায়নাকারী সংস্থা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

১২.১১. উল্লিখিত সুপারিশসমূহের (১২.১-১২.১০ নং অনুচ্ছেদ) আলোকে গৃহীত পদক্ষেপ সম্পর্কে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক আইএমইডি-কে অবহিত করবে।

## উপানুষ্ঠানিক শিক্ষা সাব-সেক্টর প্রোগ্রাম ডকুমেন্ট শীর্ষক প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন
**(সমাপ্ত: ফেব্রুয়ারি,২০১৯)**

**১। প্রকল্পের নামঃ** **উপানুষ্ঠানিক শিক্ষা সাব-সেক্টর প্রোগ্রাম ডকুমেন্ট প্রণয়ন"** শীর্ষক কারিগরি সহায়তা প্রকল্প।

**২। (ক) প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগ** প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়।

**(খ) বাস্তবায়নকারী সংস্থাঃ** উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো।

**৩। প্রকল্পের অবস্থানঃ** ঢাকা, বাংলাদেশ।

**৪। প্রকল্পের বাস্তবায়ন সময় ও ব্যয়ঃ**(লক্ষ টাকায়)

| প্রাক্কলিত ব্যয় | প্রকৃত ব্যয় | পরিকল্পিত বাস্তবায়নকাল | | প্রকৃত বাস্তবায়ন কাল | অতিক্রান্ত ব্যয় (মূল প্রঃ ব্যয়ের %) | অতিক্রান্ত সময় (মূল বাস্তবায়ন কালের %) |
|---|---|---|---|---|---|---|
| মোট টাকা প্রঃসাঃ | মোট টাকা প্রঃসাঃ | মূল | সর্বশেষ সংশোধিত (ব্যয় ব্যতিরেকে মেয়াদ বৃদ্ধিসহ) | | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| ৯৪.০২ ৩১.৬৮ ৬২.৩৪(UNESCO) | ৮৫.০১৭১০ ২২.৬৭৭১০ ৬২.৩৪ | এপ্রিল ২০১৭ হতে সেপ্টে: ২০১৭ | এপ্রিল ২০১৭ হতে ফেব্রুয়ারী ২০১৮ | এপ্রিল ২০১৭ হতে ফেব্রুয়ারী ২০১৮ | ০.০০ | ৮৩.৩৩ % |

**৫। প্রকল্পের অংগভিত্তিক বাস্তবায়ন (মন্ত্রণালয় হতে প্রাপ্ত প্রকল্প সমাপ্তি প্রতিবেদন (পিসিআর)-এর ভিত্তিতে):**
(লক্ষ টাকায়)

| ক্রমিক নং | সর্বশেষ অনুমোদিত টিপিপি অনুযায়ী কাজের অংগ | সংখ্যা/ পরিমাণ | সর্বশেষ অনুমোদিত ডিপিপি অনুযায়ী লক্ষ্যমাত্রা | | প্রকৃত বাস্তবায়ন | |
|---|---|---|---|---|---|---|
| | | | আর্থিক | বাস্তব | আর্থিক (%) | বাস্তব (%) |
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৭) | (৬) |
| **(ক) রাজস্বব্যয়ঃ** | | | | | | |
| | **সরবরাহ ও সেবাঃ** | | | | | |
| ২০. | পরামর্শক ফি | ১৪ জন মাস | ৩৮.৪০ | ১৪ জন মাস | ৩৮.৪০ (১০০%) | ১৪ জন-মাস (১০০%) |
| ২১. | পরামর্শকদের ভাতা | ৭৮ জন দিন | ৫.৯৫ | ৭৮ জন দিন | ৫.৯৫(১০০%) | ৭৮ জন-দিন (১০০%) |
| ২২. | এফজিডি ও ইন্টারভিউ | ১২ টি | ১.৪৪ | ১২ টি | ১.৪৪ (১০০%) | ১২টি (১০০%) |
| ২৩. | ওয়ার্কশপ | ১০টি | ২১.২১ | ১০টি | ২০.২৬ (৯৬%) | ১০টি (১০০%) |
| ২৪. | কমিটিমিটিং | ৫টি | ১.৬১ | ৩টি | ০.৮৫(৫৩%) | ৩টি (৬০%) |
| ২৫. | মাইক্রোবাস ভাড়া (আউটসোর্সিং) | ৬ মাস | ৪.৮০ | ৬মাস | ৪.৮০ (১০০%) | ৬মাস (১০০%) |

| ক্রমিক নং | সর্বশেষ অনুমোদিত টিপিপি অনুযায়ী কাজের অংগ | সংখ্যা/ পরিমাণ | সর্বশেষ অনুমোদিত ডিপিপি অনুযায়ী লক্ষ্যমাত্রা | | প্রকৃত বাস্তবায়ন | |
|---|---|---|---|---|---|---|
| | | | আর্থিক | বাস্তব | আর্থিক (%) | বাস্তব (%) |
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৭) | (৬) |
| ২৬. | প্রচার ও বিজ্ঞাপন | থোক | ২.০০ | থোক | ০ | ০ |
| ২৭. | স্টেশনারী, সীল ও স্ট্যাম্প | থোক | ১.৫০ | থোক | ১.০০ (৬৬.৬৬%) | থোক (৬৬.৬৬%) |
| ২৮. | ভ্যাট ও ট্যাক্স | থোক | ২.০০ | থোক | ০ | ০ |
| ২৯. | অন্যান্য (কন্টিনজেন্সি) | থোক | ৪.৬৭ | থোক | ২.৫০(৫৪%) | থোক (৫৪%) |
| **মোটরাজস্বব্যয় :** | | -- | ৮৩.৫৮ | -- | ৭৫.২০ (৮৯.৯৭%) | -- |
| **(খ) মূলধন ব্যয়ঃ** | | | | | | |
| | **সম্পদ সংগ্রহঃ** | | | | | |
| ৩০. | ল্যাপটপ | ৩ | ২.৭০ | ৩টি | ২.৬৯ (৯৯.৬%) | ৩টি (১০০%) |
| ৩১. | ডেস্কটপ কম্পিউটার | ৩ | ২.৪০ | ৩টি | ২.৩৯ (৯৯.৬%) | ৩টি (১০০%) |
| ৩২. | লেজার প্রিন্টার (সাদা/ কালো) | ৩ | ০.৯৬ | ৩টি | ০.৮৭ (৯০%) | ৩টি (১০০%) |
| ৩৩. | লেজার প্রিন্টার (রঙিন) | ১ | ০.৪৫ | ১টি | ০.৪৪৫ (৯৯%) | ১টি (১০০%) |
| ৩৪. | মাল্টিমিডিয়া প্রজেক্টর স্ক্রীন ও অন্যান্য যন্ত্রপাতি | ১ | ১.২৫ | ১টি | ১.০০ (৮০%) | ১টি (১০০%) |
| ৩৫. | এয়ারকন্ডিশন | ২ | ২.০০ | ২টি | ১.৯৭ (৯৯%) | ২টি (১০০%) |
| ৩৬. | স্ক্যানার | ১ | ০.৬৮ | ১টি | ০.৪৫ (৬৬%) | ১টি(১০০%) |
| **মোট মূলধন ব্যয় :** | | -- | ১০.৪৪ | -- | ৯.৮১(৯৩.৯৭%) | -- |
| **সর্বমোটব্যয় :** | | -- | ৯৪.০২ | -- | ৮৫.০১ (৯০.৪২%) | -- |

**৬। কাজ অসমাপ্ত থাকলে তার কারণঃ**

লক্ষ্যমাত্রা অনুযায়ী কোন কাজ অসমাপ্ত নেই মর্মে জানা যায়।

**৭। সাধারণ পর্যবেক্ষণঃ**

**৭.১। পটভূমিঃ**

৭ম পঞ্চবার্ষিকী পরিকল্পনার বর্ণানুসারে ৩ কোটি ২৫ লক্ষ কিশোর -কিশোরী এবং বয়স্ক নিরক্ষর জনগোষ্ঠীর নিরক্ষরতা দূরীকরণ ও দক্ষতা বৃদ্ধিকল্পে এনএফই সাব-সে ক্টর কর্মসূচি গ্রহণের প্রাক্কালে আলোচ্য কারিগরি সহায়তা প্রকল্পটি গৃহীত ও বাস্তবায়িত হয়। মুলত: বাস্তবায়িত এ কারিগরি সহায়তা প্রকল্পের মাধ্যমে এপ্রিল, ২০১৭ হতে ফেব্রুয়ারী, ২০১৮ মেয়াদকালে (মেয়াদ বৃদ্ধিপূর্বক) উপানুষ্ঠানিক শিক্ষা সাব -সেক্টর প্রোগ্রাম ডকুমেন্ট প্রণয়ন করা হয়। উপানুষ্ঠানিক শিক্ষার বিষয়ে সাংবিধানিক বাধ্যবাধকতা, উপানুষ্ঠানিক শিক্ষা আইন-২০১৪, ৭ম পঞ্চবার্ষিকী পরিকল্পনা ২০১৬, ভিশন -২০২১, এসডিজি-৪ ২০৩০ এবং ভিশন - ২০৪১ অর্জনের ক্ষেত্রে উপানুষ্ঠানিক শিক্ষা সাব -সেক্টর কর্মসূচির জন্য প্রণীত এই ডকুমেন্ট কাজে লাগিয়ে উপানুষ্ঠানিক শিক্ষার কার্যকরী কাঠামো তৈরী করে সাক্ষরতা ও দক্ষতা প্রদানে ভূমিকা রাখা সম্ভব হতে মর্মে জানা যায়।

**৭.২। প্রকল্পের উদ্দেশ্যঃ**

৭ম পঞ্চ বার্ষিকী পরিকল্পনা ও টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা -৪ অর্জনের জন্য সাক্ষরতা ও জীবনব্যাপী শিক্ষার জন্য নন-ফরমাল এডুকেশন সাব-সেক্টর প্রোগ্রাম ডকুমেন্ট তৈরি করা।

**৭.৩। অনুমোদন পর্যায়সমূহঃ**

প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রনালয়ের অধীন উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো হতে প্রাপ্ত তথ্যে দেখা যায়, প্রকল্পটির মোট ৯৪.০২ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে এপ্রিল ২০১৭ হতে, সেপ্টেম্বর ২০১৮ পর্যন্ত ০৬ (ছয়) মাস মেয়াদে বাস্তবায়নের জন্য গত ০৮/০৫/২০১৭ তারিখে পরিকল্পনা কমিশ ন কর্তৃক অনুমোদিত হয়। সর্বশেষ প্রকল্পটির মেয়াদকাল ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে আরও ০৫ মাস অর্থাৎ ফেব্রুয়ারি ২০১৮ পর্যন্ত বৃদ্ধিপূর্বক বাস্তবায়ন করা হয়।

**৭.৪। প্রকল্পের মূল কার্যক্রমঃ**

(১) পরামর্শক নিয়োগ: ইউনেস্কো তাদের বিদ্যমান নীতি পদ্ধতি অনুসরনপূর্বক ৩০ কর্ম দিবসের জন্য ৩ (তিন) জন কনশালটেন্ট নিযোগ করা হয়।

(২) কনশালটেন্ট কর্তৃক ইনসেপশন রিপোর্ট প্রস্তুত।

(৩) উপানুষ্ঠানিক শিক্ষার বিদ্যমান অবস্থা বিশ্লেষণ (Situation Analysis):

(i) স্থানীয় পর্যায় ১২টি এফজিডি ও ৬০টি ইন্টারভিউ গ্রহণ ;

(ii) বিভাগীয় শহর ও কেন্দ্রীয়ভাবে মোট ১০টি কর্মশালার আয়োজন করে সংশিস্নষ্ট অংশীজনের কাছ থেকে পরামর্শ

ও মতামত গ্রহণ;

(iii) বিদ্যমান সাক্ষরতা, উপানুষ্ঠানিক শিক্ষা ও দক্ষতা প্রশিক্ষণের কারিকুলাম, প্রশিক্ষণের সিলেবাস ও শিখন সামগ্রী সংগ্রহ ও বিশ্লেষণ;

(৪) উপানুষ্ঠানিক শিক্ষা সাব-সেক্টর প্রোগ্রাম ডকুমেন্ট প্রণয়ন।

**৮। প্রকল্প ব্যবস্থাপনাঃ**

প্রকল্পের সুষ্ঠু বাস্তবায়নের জন্য প্রকল্প মেয়াদে নিম্নবর্ণিত কর্মকর্তা প্রকল্প পরিচালকের দায়িত্বে নিয়োজিত ছিলেনঃ

| ক্র: নং | প্রকল্প পরিচালকের নাম | দায়িত্ব গ্রহণ | দায়িত্ব হস্তান্তর | দায়িত্বের ধরণ |
|---|---|---|---|---|
| ১. | **বেগম আনোয়ারা বেগম**<br>যুগ্ম-সচিব<br>পরিচালক (পরিকল্পনা ও মনিটরিং) | ০১.০৪.১৭ | ৩০.০৫.২০১৭ | অতিরিক্ত দায়িত্ব |
| ২. | **ড. মোঃ আলফাজ হোসেন**<br>যুগ্ম-সচিব<br>পরিচালক (পরিকল্পনা ও মনিটরিং) | ০১.০৬.২০১৭ | ২৮.০২.২০১৮ | অতিরিক্ত দায়িত্ব |

**৯। প্রকল্প পরিদর্শনঃ**

আলোচ্য প্রকল্পের আওতায় বাস্তবায়িত কার্যক্রমসমূহসহ বিস্তর বিষয়ে অবগত ও তথ্য সংগ্রহপূর্বক পিসিআর মূল্যায়নের নিমিত্ত গত ১৪-০২-২০১৯খ্রি: তারিখে উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, তেজগাঁও অফিসে সরেজমিন পরিদর্শন করা হয়।বাস্তবায়িত কার্যক্রমসমূহের বিভিন্ন কাগজপত্রাদি পরিবীক্ষণকালে উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরোর সম্মানিত মহাপরিচালক, আলোচ্য প্রকল্পের প্রকল্প পরিচালক ও সংশ্লিষ্ট অন্যান্য কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।

আলোচ্য কারিগরি সহায়তা প্রকল্পের আওতায় উপানুষ্ঠানিক শিক্ষা সাব-সেক্টর প্রোগ্রাম ডকুমেন্ট প্রস্তুতের লক্ষ্যে পরামর্শ/মতামত ও তথ্য সংগ্রহের জন্য মোট ১২টি এফজিডি ও ইন্টারভিউ এবং ১০টি ওয়ার্কশপ অনুষ্ঠিত হয়েছে মর্মে পরিদর্শনকালে প্রকল্প পরিচালক জানান। বিভাগীয় ও জাতীয় পর্যায়ে অনুষ্ঠিত ওয়ার্কশপসমূহ নিম্নরূপ (প্রকল্প অফিস হতে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে):

| ক্র: | ওয়ার্কশপের তারিখ | স্থান | বিবরণ | অংশগ্রহণকারী |
|---|---|---|---|---|
| ১. | ১৭.০৫.১৭ | উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো'র অডিটোরিয়াম, তেজগাঁও, ঢাকা | NationalConsultation Workshop | ৫৫ জন |
| ২. | ২৯.০৫.১৭ | মাস্টার সেফ চাইনিজ রেস্টুরেন্ট, রাজশাহী | বিভাগীয় কনসালটেশন ওয়ার্কশপ রাজশাহী | ৫৫ জন |
| ৩. | ১৮.০৬.১৭ | ব্রাক লার্ণিং সেন্টার, কনফারেন্স হল কাজিরদেওড়ি, চট্রগ্রাম | বিভাগীয় কনসালটেশন ওয়ার্কশপ চট্রগ্রাম | ৫৫ জন |
| ৪. | ০৫.১০.১৭ | আরডিআরএস, রংপুর | বিভাগীয় কনসালটেশন ওয়ার্কশপ রংপুর | ৫৫ জন |
| ৫. | ১২.১০.১৭ | হোটেল বেলী গার্ডেন, সোবহানীঘাট, সিলেট | বিভাগীয় কনসালটেশন ওয়ার্কশপ সিলেট | ৫৫ জন |
| ৬. | ১৯.১০.১৭ | সিএসএসআবাসেন্টার, খুলনা | বিভাগীয় কনসালটেশন | ৫৫ জন |

| ক্র: | ওয়ার্কশপের তারিখ | স্থান | বিবরণ | অংশগ্রহণকারী |
|---|---|---|---|---|
| | | | ওয়ার্কশপ খুলনা | |
| ৭. | ২১.১১.১৭ | স্পেকট্রা কনভেনশন হল, গুলশান, ঢাকা | National Consultation Workshop on NFEDP | ৮০ জন |
| ৮. | ২৬.১২.১৭ | বিডিএস হলরুম, সদর রোড, বরিশাল। | বিভাগীয় কনসালটেশন ওয়ার্কশপ বরিশাল | ৫৫ জন |
| ৯. | ৩০.১০.১৭ | প্রশিকা মানবিক উন্নয়ন কেন্দ্র কৈট্টা, মানিকগঞ্জ | বিভাগীয় কনসালটেশন ওয়ার্কশপ ঢাকা | ৫৫ জন |
| ১০. | ২৭.০১.১৭ | স্পেকট্রা কনভেনশন হল, গুলশান, ঢাকা | National Dissemination Workshop | ৬৫ জন |
| ১১. | ২৪.০২.১৮ | উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো'র অডিটোরিয়াম, বিএনএফই ভবন, তেজগাঁও ঢাকা | National Workshop on (NFE-SWAp) Programme Document (Final draft report) | ৮০জন |

এছাড়া প্রকল্পের আওতায় ক্রয়কৃত ৩টি ল্যাপটপ, ৩টি ডেস্কটপ কম্পিউটার, ৩টি লেজার প্রিন্টার (সাদা/ কালো), ১টি লেজার প্রিন্টার (রঙিন), ১টি মাল্টিমিডিয়া প্রজেক্টর স্ক্রীন ও অন্যান্য যন্ত্রপাতি, ২টি এয়ারকন্ডিশন প্রভৃতি ব্যবহৃত হচ্ছে মর্মে পরিলক্ষিত হয়। এছাড়া, পরামর্শক নিয়োগ ও বেতন-ভাতা প্রদান প্রভৃতি উন্নয়ন সহযোগী সংস্থা কর্তৃক সম্পাদিত হয়েছে মর্মে প্রকল্প পরিচালক জানান। বাস্তবায়িত এ প্রকল্পের অব্যয়িত অর্থ প্রত্যপর্ণ করা হয়েছে মর্মে জানা যায়।

আলোচ্য প্রকল্পের আওতায় বাস্তবায়িত কার্যক্রমসমূহের কিছু স্থিরচিত্র নিম্নরূপ-




স্থিরচিত্র-১: সিলেটে অনুষ্ঠিত বিভাগীয় কনশালটেশন ওয়ার্কশপ।




স্থিরচিত্র-২: ড্রাফট NFE- SWAP এর উপর অনুষ্ঠিত জাতীয় কনশালটেশন ওয়ার্কশপ।

**১০। মূল্যায়ন পদ্ধতি ( Methodology)**:

মূল্যায়ন প্রতিবেদনটি প্রণয়ণে নিম্নোক্ত পদ্ধতি (Methodology) অনুসরণ করা হয়েছেঃ-

(ক) ডিপিপি, পিসিআরও বিভিন্ন সভার প্রতিবেদন পর্যালোচনা;

(খ) অগ্রগতি যাচাই ও তথ্য সংগ্রহের জন্য সরেজমিনে উপস্থিতি; এবং

(গ) প্রাপ্ত তথ্যের ভিত্তিতে সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে আলোচনা।

**১১। অর্থবছর ভিত্তিক অগ্রগতিঃ**

এপ্রিল ২০১৭ হতে ফেব্রুয়ারি ২০১৮ পর্যন্ত (সর্বশেষ অনুমোদিত) মেয়াদে বাস্তবায়িত এ প্রকল্পটির অনুমোদিত প্রাক্কলিত ব্যয় ৯২.০২ লক্ষ টাকার বিপরী তে প্রকৃত ব্যয় হয়েছে ৮৫.০১ লক্ষ টাকা, যা অনুমোদিত ব্যয় বরা দ্দের ৯০.৪২%। আলোচ্যপ্রকল্পটির অনুকূলে ২০১৬-১৭ অর্থবছরে কোন বরাদ্দ দেয়া হয়নি মর্মে জানা যায় ।২০১৭-২০১৮ অর্থবছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচীর আওতায় বরাদ্দ, অবমুক্তি ও ব্যয় নিম্নে দেখানো হলঃ

(লক্ষ টাকায়)

| আর্থিক বৎসর | সংশোধিত এডিপি বরাদ্দ | | | অর্থ ছাড় | ব্যয় | | |
|---|---|---|---|---|---|---|---|
| | মোট | টাকা | প্রকল্প সাহায্য | (জিওবি) | মোট | টাকা | প্রকল্প সাহায্য |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| ২০১৭-২০১৮ | ৯৪.০২ | ৩১.৬৮ | ৬২.৩৪ | ২২.৬৭ | ৮৫.০১ | ২২.৬৭ | ৬২.৩৪ |

**১২। প্রকল্পের উদ্দেশ্য ও অর্জনঃ**

৭ম পঞ্চ বার্ষিকী পরিকল্পনা ও টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা -৪ অর্জনের জন্য সাক্ষরতা ও জীবনব্যাপী শিক্ষার জন্য নন-ফরমাল এডুকেশন সাব-সেক্টর প্রোগ্রাম ডকুমেন্ট তৈরি করা।

১৩| উদ্দেশ্য অর্জিত না হলে উহার কারণ ঃ নির্ধারিত সকল উদ্দেশ্য অর্জিত হয়েছে মর্মে পিসিআর -এ উল্লেখ করা হয়েছে।

| পরিকল্পিত উদ্দেশ্য | অর্জন |
|---|---|
| • উপানুষ্ঠানিক শিক্ষা সাব -সেক্টরের চলমান সফলতা দুর্বলতার ব্যবধান, সক্ষমতা ও সুযোগ এর পরিস্থিতি বিশ্লেষণ; | মাঠ পর্যায়ে ১২ টি এফজিডি , ৬০টি ইন্টারভিউ এর মাধ্যমে উপানুষ্ঠানিক শিক্ষা সাব -সেক্টরের চলমান সফলতা দুর্বলতার ব্যবধান , সক্ষমতা ও সুযোগ এর পরিস্থিতি বিশ্লেষন করা হয়েছে মর্মে জানা যায়। |
| • প্রাথমিকভাবে কনশালটেশন মিটিং/ওয়ার্কশপের মাধ্যমে উপানুষ্ঠানিক শিক্ষা সাব -সেক্টরের সরকারী বেসরকারী ও উন্নয়ন সহযোগীদের অন্তর্ভূক্তি নিশ্চিত করা; | ৭টিকনশালটেশনমিটিং/ওয়ার্কশপেরমাধ্যমেউপানুষ্ঠানিক শিক্ষা সাব -সেক্টরের সরকারী বেসরকারী ও উন্নয়ন সহযোগীদের অন্তর্ভূক্তি নিশ্চিত করা্ হয়েছে মর্মে জানা যায়। |
| • উপানুষ্ঠানিক শিক্ষা সাব-সেক্টরের দীর্ঘমেয়াদী জীবনব্যাপী শিক্ষা নিশ্চিত করার জন্য একটি ড্রাফট প্রোগ্রাম ডকুমেন্ট তৈরী করা; | উপানুষ্ঠানিক শিক্ষা সাব -সেক্টরের দীর্ঘমেয়াদী জীবনব্যাপী শিক্ষা নিশ্চিত করার জন্য একটি ড্রাফট প্রোগ্রাম ডকুমেন্ট তৈরী করা হয়েছে মর্মে পরিলক্ষিত হয়। |

| পরিকল্পিত উদ্দেশ্য | অর্জন |
|---|---|
| • ড্রাফট প্রোগ্রাম ডকুমেন্টটি ওয়ার্কশপের মাধ্যমে বিভাগীয় ও জাতীয় পর্যায়ে অংশীজনের সহিত মত বিনিময়; | ড্রাফট প্রোগ্রাম ডকুমেন্টটি ওয়ার্কশপের মাধ্যমে বিভাগীয় ও জাতীয় পর্যায়ে অংশীজনের সহিত মত বিনিময় সম্পন্ন করা হয়েছে মর্মে জানা যায়। |
| • দীর্ঘমেয়াদী জীবনব্যাপী শিক্ষানিশ্চিত করার জন্য ড্রাফট প্রোগ্রাম ডকুমেন্টটি অংশীজন মতবিনিময় ও ওয়ার্কশপের মাধ্যমে চুড়ান্ত করা। | ১টি জাতীয় ওযার্কশপের মাধ্যমে উপানুষ্ঠানিক শিক্ষা সাব-সেক্টরের দীর্ঘমেয়াদী জীবনব্যাপী শিক্ষা নিশ্চিত করার জন্য একটি ড্রাফট প্রোগ্রাম ডকুমেন্ট চুড়ান্ত করা হয়েছে মর্মে জানা যায়। |
| • প্রোগ্রাম ডকুমেন্টটি মন্ত্রণালয়ে প্রেরণ ও অনুমোদন গ্রহণ; | প্রোগ্রাম ডকুমেন্টটি তৈরির বিভিন্ন পর্যায়ে মন্ত্রণালয়ের সাথে শেয়ারকরাসহ চূড়ান্ত কপি মন্ত্রণালয়ের সংশ্লিষ্টদের প্রেরণ করা হয়েছে মর্মে জানা যায়। এছাড়া, প্রোগ্রাম ডকুমেন্টটি এর আলোকে তৈরিকৃত ডিপিপি মন্ত্রণালয়ে অনুমোদনের নিমিত্ত প্রক্রিয়াধীন রয়েছে মর্মে সংস্থা প্রধান জানান। |

**১৪। পর্যবেক্ষণ ওসুপারিশঃ**

**১.১** 'উপানুষ্ঠানিক শিক্ষা উন্নয়ন কর্মসূচি (NFEDP)' -শীর্ষক কর্মসূচির প্রস্তাবনা তৈরির ক্ষেত্রে বাস্তবায়িত কারিগরি সহায়তার এ প্রকল্পটি ভূমিকা রেখেছে মর্মে প্রতীয়মান হয়। এ পর্যায়ে আলোচ্য প্রকল্পের আওতায় প্রণয়নকৃত প্রোগ্রাম ডকুমেন্টটিতে বর্ণিত উপানুষ্ঠানিক শিক্ষার বিষয়ে আর্থ-সামাজিক প্রেক্ষাপট, প্রধান প্রধান কার্যক্রম/অঙ্গসমূহ, ব্যবস্থাপনা ও বাস্তবায়ন কৌশলসমূহ, রিসোর্স ও বাজেট ফ্রেমওয়ার্ক প্রভৃতি বিশ্লেষণ ও বিবেচনাপূর্বক প্রস্তাবিত ডিপিপি (প্রোগ্রাম ডকুমেন্টটি এর আলোকে প্রণীত) প্রক্রিয়াকরণে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

**২.১** ৭ম পঞ্চবার্ষিক পরিকল্পনায় সরকার SDG-4 এর লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে উপানুষ্ঠানিক শিক্ষা সংক্রান্ত নির্ধারিত লক্ষ্যমাত্রাসমূহ যথা: বিদ্যমান ১৫ এবং তদুর্দ্ধ বয়সী ৩ .২৫ কোটি নিরক্ষর জনগোষ্ঠীকে সাক্ষরতা জ্ঞান প্রদান , ৫০ লক্ষ যুব ও বয়স্কদেরকে বাজার চাহিদা মোতাবেক দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ প্রদান , ৫০২৫টি স্থায়ী আইসিটি-ভিত্তিক 'কমিউনিটি লার্নিং সেন্টার' স্থাপন প্রভৃতি বিষয়ে প্রণয়নকৃত প্রোগ্রাম ডকুমেন্টটিতে উল্লেখিত পর্যালোচনা ও সুপারিশের আলোকে বাস্তবায়নের নিমিত্ত উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরোসহ প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

**৩.১** বাস্তবায়িত এ কারিগরি সহায়তা প্রকল্পের আওতায় ক্রয়কৃত বিভিন্ন আইটি ইকুপমেন্ট ও অন্যান্য সরঞ্জামাদির যেগুলোর ওয়ারেন্টি পিরিয়ড রয়েছে, সেগুলোর ক্ষেত্রে বিক্রয়োত্তর সেবা প্রাপ্তির নিমিত্ত বাস্তবায়নকারী সংস্থা যথাযথ ব্যবস্থা নিশ্চিত করবে।

**৪.১** প্রকল্প আওতায় ব্যয়িত অর্থের অডিট কার্যক্রম সম্পন্ন করতে হবে। এ বিষয়েবাস্তবায়নকারী সংস্থা যথাযথ ব্যবস্থা নিশ্চিত করবে।

**৫.১** উল্লিখিত সুপারিশসমূহের (১৪.১-১৪.৪নং অনুচ্ছেদ) আলোকে গৃহীত পদক্ষেপ সম্পর্কে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক আইএমইডি-কে অবহিত করবে।

# প্রাথমিক শিক্ষা উন্নয়ন প্রকল্প (আইডিবি) (২য় সংশোধিত) সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন

**(সমাপ্ত: জুন, ২০১৮)**

| | | | |
|---|---|---|---|
| ১। | **প্রকল্পের নাম** | : | প্রাথমিক শিক্ষা উন্নয়ন প্রকল্প (আইডিবি) (২য় সংশোধিত) |
| ২। | **(ক) প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগ** | : | প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়। |
| | **(খ) বাস্তবায়নকারী সংস্থা** | : | প্রাথমিক শিক্ষা অধিদপ্তর। |
| ৩। | **প্রকল্পের অবস্থান** | : | |

| জেলা | উপজেলা |
|---|---|
| নওগাঁ | বাদলগাছি, মহাদেবপুর, পত্নিতলা, মান্দা। |
| পাবনা | ভাঙ্গুরা, সাথীয়া, সোজানগর, চাঁদমোহর, ঈশ্বরদী। |
| সিরাজগঞ্জ | বেলকুচি, চৌহালী, কামারকুন্দ, শাহজাদপুর, উল্লাপাড়া। |
| কুড়িগ্রাম | ভুরুঙ্গামারী, সদর, চিলমারী, ফুলবাড়ীয়া। |
| লালমনিরহাট | কালীগঞ্জ, পাটগ্রাম, হাতিবান্দা। |
| বাঘেরহাট | বাঘেরহাট সদর, মোল্লাহাট, মরিলগঞ্জ, রামপাল। |
| যশোর | অভয়নগর, যশোর সদর, জিকরগাছা। |
| খুলনা | বাটিয়াঘাটা, ডাকুপ, ডুমুরিয়া, কয়রা। |
| গোপালগঞ্জ | গোপালগঞ্জ সদর, টঙ্গীপাড়া, কোতালিপাড়া। |
| কিশোরগঞ্জ | অষ্টগ্রাম, বাজিতপুর, করিমগঞ্জ, পাকুন্দিয়া, ইটনা, ভৈরব। |
| মানিকগঞ্জ | মানিকগঞ্জ সদর, সাটুরিয়া, সিংগাইর। |
| মুন্সিগঞ্জ | গজারিয়া, শ্রীনগর, টঙ্গীবাড়ী, মুন্সিগঞ্জ সদর, লৌহজং। |
| শেরপুর | শেরপুর সদর, নিকলা, নালিতাবাড়ী। |
| চাঁদপুর | ফরিদগঞ্জ, হেমচর, কচুয়া, হাজীগঞ্জ। |
| চট্টগ্রাম | হাঠাজারি, ফটিকছড়ি, পটিয়া, চট্টগ্রাম সিটি কর্পোরেশন, মীরসরাই। |
| কুমিল্লা | দাউদকান্দি, দেবীদ্দার, লাঙ্গলকোট, চৌদ্দগ্রাম। |
| বরিশাল | আগোইলঝড়া, বাবুগঞ্জ, বানরিপাড়া, বাকেরগঞ্জ, মেহেদীগঞ্জ, গৌড়নদী। |
| ঝালকাঠি | ঝালকাঠি সদর, নলচিঠি, কাঠালিয়া, রাজাপুর। |
| সুনামগঞ্জ | বিসম্ভরপুর, দেরাই, ধর্মপাশা, জামালগঞ্জ। |
| সিলেট | বিয়ানিবাজার, বিশ্বনাথপুর, কানাইঘাট, সিলেট সদর। |

## ৪। প্রকল্পের বাস্তবায়ন সময় ও ব্যয়ঃ

(লক্ষ টাকায়)

| প্রাক্কলিত ব্যয় | | প্রকৃত ব্যয় | পরিকল্পিত বাস্তবায়নকাল | | প্রকৃত বাস্তবায়ন কাল | অতিক্রান্ত ব্যয় (মূল প্রঃ ব্যয়ের %) | অতিক্রান্ত সময় (মূল বাস্তবায়ন কালের %) |
|---|---|---|---|---|---|---|---|
| মূল | সর্বশেষ সংশোধিত | মোট টাকা RPA | মূল | সর্বশেষ সংশোধিত (ব্যয় ব্যতিরেকে মেয়াদ বৃদ্ধিসহ) | | | |
| মোট টাকা RPA | মোট টাকা RPA | | | | | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| ১৬,৯৩২.৮০<br>৩,২৫২.৮০<br>১৩,৬৮০.০০ | ২০,৪০৫.৩৭<br>৭,৫৩২.৪৭<br>১২,৮৭২.৯০ | ২০,০৯০.৫৬<br>৭,২১৯.৯৮<br>১২,৮৭০.৫৮ | ০১ জানুয়ারি ২০১২ হতে ৩০ জুন ২০১৪ | ০১ জানুয়ারি ২০১২ হতে ৩০ জুন ২০১৮ | ০১ জানুয়ারি ২০১২ হতে ৩০ জুন ২০১৮ | ৩,১৫৭.৭৬<br>১৮.৬৪% | ৪ বছর (১৬০%) |

## ৫। প্রকল্পের অংগভিত্তিক বাস্তবায়ন (মন্ত্রণালয় হতে প্রাপ্ত প্রকল্প সমাপ্তি প্রতিবেদন (পিসিআর)-এর ভিত্তিতে):

(লক্ষ টাকায়)

| ক্রমিক নং | সর্বশেষ অনুমোদিত ডিপিপি অনুযায়ী কাজের অংগ | সংখ্যা/ পরিমাণ | সর্বশেষ অনুমোদিত আরডিপিপি অনুযায়ী লক্ষ্যমাত্রা | | প্রকৃত বাস্তবায়ন | |
|---|---|---|---|---|---|---|
| | | | আর্থিক | বাস্তব | আর্থিক (%) | বাস্তব (%) |
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৭) | (৬) |
| **(ক) রাজস্ব ব্যয়ঃ** | | | | | | |
| ৩৭. | অফিসারদের বেতন | জন | ৬৬.৯০ | -- | ৫২.৭৯ | ০৩ |
| ৩৮. | কর্মচারীদের বেতন | জন | ৬.৯৭ | -- | ৪.৪৭ | -- |
| ৩৯. | ভাতাদি | জন | ৭৮.৬০ | -- | ৫৫.৩৭ | -- |
| | **সরবরাহ ও সেবাঃ** | | | | | |
| ৪০. | প্রকল্পের অপারেশন ব্যয় | থোক | ৩৮১.৫৯ | -- | ৩২১.৭৪ | -- |
| | **মেরামত ও রক্ষণাবেক্ষনঃ** | | | | | |
| ৪১. | মেরামত ও পুনঃস্থাপন | থোক | ১৬.০২ | -- | ৯.১৪ | -- |
| | **উপ-মোট: (ক)=** | | **৫৫০.০৮** | | **৪৪৩.৫১** | |
| **(খ) মূলধন ব্যয়ঃ** | | | | | | |
| | **সম্পদ সংগ্রহঃ** | | | | | |
| ৪২. | কম্পিউটার | সেট | ২.৩৩ | ৪ | ২.৩৩ | ৪ |
| ৪৩. | এয়ার কুলার | সংখ্যা | ১.০০ | ১ | ১.০০ | ১ |
| ৪৪. | ফটো কপিয়ার | সংখ্যা | ২.৫৬ | ১ | ২.৫৬ | ১ |
| ৪৫. | ফ্যাক্স মেশিন এবং স্পাইরাল | সংখ্যা | ০.২৫+০.২৫ | ১+১ | ০.২৫+০.২৫ | ১+১ |
| ৪৬. | যানবাহন | সংখ্যা | ৫৯.২৩ | ১ | ৫৯.২৩ | ১ |
| ৪৭. | টিএলএম | সেট | ৫৪৮.০৭ | ১৭০ | ৫৪৮.০৭ | ১৭০ |
| ৪৮. | অফিস আসবাবপত্র | থোক | ৪.৯৮ | -- | ৪.৯৮ | -- |
| ৪৯. | আসবাবপত্র সরবরাহসহ নিমার্ণ কাজ | সংখ্যা | ১৮,৮৬০.৬২ | ১৭০ | ১৮,৬৫৭.০০ | ১৭০ |
| ৫০. | পেশাগত ফি (এলজিইডির জন্য) | @২% | ৩৭৬.০০ | -- | ৩৭১.৩৮ | -- |
| | **উপ-মোট: (খ)=** | | **১৯,৮৫৫.২৯** | | **১৯,৬৪৭.০৫** | |
| | **পূর্ত নির্মাণ কাজঃ** | | | | | |
| **(গ)** | **ফিজিক্যাল কনটিংজেন্সি** | থোক | -- | -- | ০.০০ | -- |
| **(ঘ)** | **প্রাইজ এসকালেশন** | থোক | -- | -- | ০.০০ | -- |

| ক্রমিক নং | সর্বশেষ অনুমোদিত ডিপিপি অনুযায়ী কাজের অংগ | সংখ্যা/ পরিমাণ | সর্বশেষ অনুমোদিত আরডিপিপি অনুযায়ী লক্ষ্যমাত্রা | | প্রকৃত বাস্তবায়ন | |
|---|---|---|---|---|---|---|
| | | | আর্থিক | বাস্তব | আর্থিক (%) | বাস্তব (%) |
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৭) | (৬) |
| | **সর্বমোট: (ক+খ+গ+ঘ)=** | | **২০,৪০৫.৩৭** | | **২০,০৯০.৫৬** | -- |

**৬। কাজ অসমাপ্ত থাকলে তার কারণঃ**

নির্মাণধর্মী এ প্রকল্পের লক্ষ্যমাত্রা অনুযায়ী কোন কাজ অসমাপ্ত নেই মর্মে জানা যায়। তবে প্রকল্প সাইট নির্বাচন, চাহিদাভিত্তিক ডিজাইন, আইডিবি কর্তৃক ফান্ড রিলিজে বিলম্ব/শ্লথ গতি প্রভৃতি কারণে প্রকল্পের লক্ষ্যমাত্রা বাস্তবায়নে বিলম্ব হয়েছে মর্মে পিসিআর এ উল্লেখ করা হয়েছে।

**৭। সাধারণ পর্যবেক্ষণঃ**

**৭.১। পটভূমিঃ**

স্থানীয় সরকার প্রকৌশলী অধিদপ্তর কর্তৃক ২০০৩ সালে পরিচালিত এক সমীক্ষায় দেখা যায়, সমগ্র দেশে প্রায় ১০,০০০ সরকারি প্রাথমিক বিদ্যালয় জরাজীর্ণ অবস্থায় রয়েছে। এ বিদ্যালয়গুলোতে পরবর্তী সময়ে "প্রাথমিক শিক্ষা উন্নয়ন কর্মসূচী-২" শীর্ষক প্রকল্পের আওতায় উন্নয়ন কর্মকান্ড পরিচালিত হয়। এছাড়া, কিছুসংখ্যক বিদ্যালয় ভবন রয়েছে যেগুলো ১৯৭০-১৯৮০ সনে নির্মিত হয়েছে। কিন্তু বিভিন্ন সীমাবদ্ধতার কারণে নতুন ভবন নির্মাণ করা সম্ভব হয়নি। আলোচ্য প্রকল্পে এ সকল জরাজীর্ণ বিদ্যালয়ের মধ্য থেকে অধিকতর গুরুত্বানুসারে প্রয়োজনীয় ১৭০টি বিদ্যালয় পুনঃনির্মানের জন্য জানুয়ারী, ২০১২ - জুন, ২০১৪ মেয়াদে প্রকল্পটি গ্রহণ করা হয়। বাংলাদেশ সরকার ও ইসলামিক ডেভেলপমেন্ট ব্যাংক (আইডিবি) এর মধ্যে প্রকল্পটির জন্য ১৮ মিলিয়ন মার্কিন ডলারের একটি ঋণচুক্তি গত ০২-০৭-২০১১ তারিখে স্বাক্ষর করা হয়েছে।

**৭.২। প্রকল্পের উদ্দেশ্যঃ**

- প্রাথমিক বিদ্যালয়সমূহের উন্নত অবকাঠামো তৈরী;
- শিক্ষার্থী ও শিক্ষকদের জন্য উন্নত স্যানিটেশন এবং বিশুদ্ধ পানি সরবরাহ ব্যবস্থা সৃষ্টি;
- শিক্ষক ও শিক্ষার্থীদের জন্য শিক্ষার উন্নত পরিবেশ সৃষ্টি;
- প্রকল্প এলাকায় সকল শিক্ষার্থীর বিদ্যালয়ে ভর্তি নিশ্চিত; এবং
- শিক্ষার্থী ও শিক্ষকদের জন্য শিক্ষা উপকরণ সরবরাহ।

৭.৩। **অনুমোদন পর্যায়সমূহঃ**

নির্বাচিত প্রাথমিক বিদ্যালয়সমূহে শিক্ষার উন্নত পরিবেশ সৃষ্টি ও অবকাঠামো নির্মানের উদ্দেশ্য নিয়ে আলোচ্য প্রকল্পটি ১৬৯৩২.৮০ লক্ষ টাকা (জিওবি ৩২৫২.৮০ + আইডিবি সহায়তা ১৩৬৮০.০০ লক্ষ টাকা) প্রাক্কলিত ব্যয়ে ০১ জানুয়ারী, ২০১২ হতে ৩০ জুন, ২০১৪ মেয়াদে বাস্তবায়নের নিমিত্ত একনেক কর্তৃক গত ২০-১২-২০১১ তারিখে অনুমোদিত হয়। পরবর্তীতে প্রকল্পের বাস্তবায়নকাল ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে ১ বছর মেয়াদবৃদ্ধি (১ম বার) অর্থাৎ জানুয়ারী, ২০১২ হতে জুন, ২০১৫ পর্যন্ত করা হয়। এর পরবর্তীতে আইডিবির অনুমোদন সাপেক্ষে বিদ্যালয়ের চূড়ান্ত তালিকা প্রণয়নে বিলম্ব, এলজিইডির রেট সিডিউল পরিবর্তনের ফলে নির্মাণ ব্যয় বৃদ্ধি এবং বিদ্যালয়ের ডিজাইন পরিবর্তন প্রভৃতি কারণে গত ১০-১১-২০১৫ তারিখের একনেক সভায় ২০৯৫১.৫৬ লক্ষ টাকা ( জিওবি ৭০৯১.৫৬ লক্ষ + আইডিবি সহায়তা ১৩৮৬০.০০ লক্ষ) প্রাক্কলিত ব্যয়ে জানুয়ারী, ২০১২ হতে জুন, ২০১৭ বাস্তবায়ন মেয়াদে প্রকল্পটির ১ম সংশোধন অনুমোদিত হয়। এর পরবর্তীতে সমুদ্র উপকূলীয় এবং হাওর অঞ্চলের বিদ্যালয়ের কাজ সম্পন্ন করতে বিলম্ব হওয়ায় ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে প্রকল্পের মেয়াদ পুনরায় ০৬ (ছয়) মাস বৃদ্ধি (২য় বার) করে

বাস্তবায়নকাল জানুয়ারী, ২০১২ হতে ডিসেম্বর, ২০১৭ করা হয়। এর পরবর্তীতে অনুমোদিত মেয়াদকালে প্রকল্পের কাজ শতভাগ সমাপ্ত না হওয়ায় বৃদ্ধি ব্যতিরেকে এর মেয়াদ আরও ০৬ (ছয়) মাস বৃদ্ধিপূর্বক (৩য় বার) জুন ২০১৮ পর্যন্ত নির্ধারণ করা হয়। সর্বশেষ গত ৭ মে ২০১৮ খ্রি: তারিখে প্রকল্পের ২য় সংশোধন তথা ২০৪০৫.৩৭ লক্ষ টাকা (জিওবি ৭৫৩২.৪৭ লক্ষ + আইডিবি সহায়তা ১২৮৭২.৯০ লক্ষ) প্রাক্কলিত ব্যয়ে জানুয়ারী, ২০১২ হতে জুন ২০১৮ বাস্তবায়ন মেয়াদে অনুমোদিত হয়।

৭.৪। **প্রকল্পের মূল কার্যক্রমঃ**

(ক) নির্বাচিত ১৭০টি প্রাথমিক বিদ্যালয়ে ভবন নির্মাণ কাজ;

(খ) বিদ্যালয়ে আসবাবপত্র সরবরাহ, প্রয়োজনীয় সোলার প্যানেল স্থাপন;

(ঘ) বৃষ্টির পানি সংরক্ষণ ও পুনঃব্যবহারের ব্যবস্থা; রিসাইক্লিং ও স্কুল গার্ডেনিং; এবং

(ঙ) শিক্ষা উপকরণ সরবরাহ, কম্পিউটার ও আনুষঙ্গিক যন্ত্রাদি সরবরাহ, মেক শিফট্ এরেঞ্জমেন্ট ইত্যাদি কার্যক্রম।

**৭.৫। প্রকল্প ব্যবস্থাপনাঃ**

প্রকল্পের সুষ্ঠু বাস্তবায়নের জন্য প্রকল্প মেয়াদে নিম্নবর্ণিত কর্মকর্তা প্রকল্প পরিচালকের দায়িত্বে নিয়োজিত ছিলেনঃ

| ক্র: নং | প্রকল্প পরিচালকের নাম | দায়িত্ব গ্রহণ | দায়িত্ব হস্তান্তর | দায়িত্বের ধরণ |
|---|---|---|---|---|
| ১. | মোঃ নজরুল ইসলাম<br>যুগ্ম সচিব | ১৫/০১/২০১২ | ২০/০৮/২০১৩ | পূর্ণকালীন |
| ২. | ড. মোঃ আব্দুল জলিল<br>যুগ্ম সচিব | ০৪/০৯/২০১৩ | ১৬/১১/২০১৪ | পূর্ণকালীন |
| ৩. | আবু সাইদ সালাউদ্দিন মাহমুদ<br>যুগ্ম সচিব | ২৬/০১/২০১৫<br>০১/০৭/২০১৫ | ৩০/০৬/২০১৬<br>৩০/০৬/২০১৮ | পূর্ণকালীন<br>খন্ডকালীন |

**৮। মূল্যায়ন পদ্ধতি ( Methodology)**:

মূল্যায়ন প্রতিবেদনটি প্রণয়ণে নিম্নোক্ত পদ্ধতি (Methodology) অনুসরণ করা হয়েছেঃ-

(ক) ডিপিপি, মনিটরিং রিপোর্ট ও বিভিন্ন সভায় প্রকাশিত প্রতিবেদন পর্যালোচনা;

(খ) মন্ত্রণালয় কর্তৃক প্রেরিত পিসিআর পর্যালোচনা;

(গ) PEC, Steering Committee সহ বিভিন্ন গুরুত্বপূর্ণ সভার কার্যবিবরণী পর্যালোচনা;

(ঘ) কাজের মান ও বাস্তব অগ্রগতি যাচাই ও তথ্য সংগ্রহের জন্য সরেজমিনে পরিদর্শন; এবং

(ঙ) প্রাপ্ত তথ্যের ভিত্তিতে সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে আলোচনা।

## ৯। অর্থবছর ভিত্তিক অগ্রগতিঃ

জানুয়ারী ২০১২ হতে জুন ২০১৮ পর্যন্ত সর্বশেষ অনুমোদিত মেয়াদে বাস্তবায়িত এ প্রকল্পটির অনুমোদিত প্রাক্কলিত ব্যয় ২০৪০৫.৩৭ লক্ষ টাকার (জিওবি ৭৫৩২.৪৭ লক্ষ + আইডিবি সহায়তা ১২৮৭২.৯০ লক্ষ) বিপরীত প্রকৃত ব্যয় হয়েছে ২০,০৯০.৫৬ লক্ষ টাকা ( জিওবি ৭,২১৯.৯৮ লক্ষ + আইডিবি সহায়তা ১২,৮৭০.৫৮ লক্ষ) যা অনুমোদিত ব্যয় বরাদ্ধের ৯৮.৪৬%। পিসিআর -এ আলোচ্য প্রকল্পটির অনুকূলে ২০১১-১২ হতে ২০১৭-১৮ পর্যন্ত অর্থ বছরভিত্তিক সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচীর আওতায় বরাদ্দ, অবমুক্তি ও ব্যয় নিম্নে দেখানো হলঃ

| আর্থিক বৎসর | সংশোধিত এডিপি বরাদ্দ | | | অর্থছাড় (টাকা) | ব্যয় | | |
|---|---|---|---|---|---|---|---|
| | মোট | টাকা | প্রকল্প সাহায্য | | মোট | টাকা | প্রকল্প সাহায্য |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| ২০১১-২০১২ | ৯৫.০০ | ৯৫.০০ | ০.০০ | ৯৫.০০ | ৯৩.২০ | ৯৩.২০ | - |
| ২০১২-২০১৩ | ১২৭৮.৫৩ | ১২৫০.০০ | ২৮.৫৩ | ৬২৫.০০ | ৭২.০০ | ৪৩.৪৪ | ২৮.৫৬ |
| ২০১৩-২০১৪ | ৪০৪০.৬৮ | ১৫০০.০০ | ২৫৪০.৬৮ | ১৫০০.০০ | ৪০২৯.৫৭ | ১৪৮৮.৮৯ | ২৫৪০.৬৮ |
| ২০১৪-২০১৫ | ৮৩২৭.৪১ | ১৮০০.০০ | ৬৫২৭.৪১ | ১৮০০.০০ | ৮২৯১.২৩ | ১৭৬৩.৮২ | ৬৫২৭.৪১ |
| ২০১৫-২০১৬ | ৪১৫৪.২৭ | ১৭০০.০০ | ২৪৫৪.২৭ | ১৭০০.০০ | ৪০৯৪.১৩ | ১৬৩৯.৮৬ | ২৪৫৪.২৭ |
| ২০১৬-২০১৭ | ১৮৪৫.৯৬ | ১৪৬১.৫০ | ৩৮৪.৪৬ | ১৪২৫.০০ | ১২৪৮.০১ | ৮৬৪.৯১ | ৩৮৩.১০ |
| ২০১৭-২০১৮ | ২৫৭৫.০০ | ১৬৩৮.০০ | ৯৩৭.০০ | * | ২২৬২.৪২ | ১৩২৫.৮৬ | ৯৩৬.৫৬ |
| **মোট** | **২২৩১৬.৮৫** | **৯৪৪৪.৫০** | **১২৮৭২.৩৫** | | **২০০৯০.৫৬** | **৭২১৯.৯৮** | **১২৮৭০.৫৮** |

* পিসিআর এ অর্থছাড়ের তথ্য পাওয়া যায়নি।

## ১০। প্রকল্পের উদ্দেশ্য ও অর্জনঃ

| পরিকল্পিত উদ্দেশ্য | অর্জন |
|---|---|
| • প্রাথমিক বিদ্যালয়সমূহের উন্নত অবকাঠামো তৈরী; | • নির্বাচিত ১৭০টি প্রাথমিক বিদ্যালয়ে ভবন নির্মাণ ও আসবাবপত্র সরবরাহকরণ সম্পন্ন করা হয়েছে মর্মে পিসিআর এ উল্লেখ করা হয়েছে; |
| • শিক্ষার্থী ও শিক্ষকদের জন্য উন্নত স্যানিটেশন এবং বিশুদ্ধ পানি সরবরাহ ব্যবস্থা সৃষ্টি; | • নির্বাচিত প্রত্যেকটি স্কুলে ৩টি করে ওয়াশ ব্লক নির্মাণ ও ১টি করে টিউবওয়েল স্থাপণ করা হয়েছে মর্মে পিসিআর এ উল্লেখ করা হয়েছে; |
| • শিক্ষক ও শিক্ষার্থীদের জন্য শিক্ষার উন্নত পরিবেশ সৃষ্টি; | • নতুন ভবন নির্মাণ, উন্নত স্যানিটেশন এবং বিশুদ্ধ পানি সরবরাহ, শিক্ষা উপকরণ এবং আসবাবপত্র সরবরাহের মাধ্যমে প্রকল্প এলাকায় শিক্ষার উন্নত পরিবেশ সৃষ্টি করা হয়েছে মর্মে পিসিআর এ উল্লেখ করা হয়েছে; |
| • প্রকল্প এলাকায় সকল শিক্ষার্থীর বিদ্যালয়ে ভর্তি নিশ্চিত; এবং | • নতুন ভবন নির্মাণ, উন্নত স্যানিটেশন এবং বিশুদ্ধ পানি সরবরাহ, শিক্ষা উপকরণ এবং আসবাবপত্র সরবরাহের মাধ্যমে প্রকল্প এলাকায় সকল শিক্ষার্থীর বিদ্যালয়ে ভর্তি নিশ্চিত করা হয়েছে মর্মে পিসিআর এ উল্লেখ করা হয়েছে; |

| পরিকল্পিত উদ্দেশ্য | অর্জন |
|---|---|
| • শিক্ষার্থী ও শিক্ষকদের জন্য শিক্ষা উপকরণ সরবরাহ। | • নির্বাচিত প্রতিটি স্কুলে শিক্ষার্থী ও শিক্ষকদের জন্য শিক্ষা উপকরণ সরবরাহ (ল্যাপটপ, মাল্টিমিডিয়া, এন্টারেকটিভ হোয়াইট বোর্ড, সাউন্ড সিস্টেম) প্রদান করা হয়েছে। |

**১১। উদ্দেশ্য অর্জিত না হলে উহার কারণ ঃ**

প্রকল্পে নির্ধারিত উদ্দেশ্যসমূহ অর্জিত হয়েছে মর্মে পিসিআর - এ উল্লেখ করা হয়েছে। তবে প্রকল্প সাইট নির্বাচন, চাহিদাভিত্তিক ডিজাইন, আইডিবি কর্তৃক ফান্ড রিলিজে বিলম্ব/শ্লথ গতি প্রভৃতি কারণে প্রকল্পের লক্ষ্যমাত্রা বাস্তবায়নে বিলম্ব হয়েছে মর্মে পরিলক্ষিত হয়।

**১২। পর্যবেক্ষণ ও সুপারিশঃ**

১২.১২. বাস্তবায়িত প্রকল্পটি জানুয়ারী, ২০১২ হতে জুন, ২০১৪ মেয়াদে বাস্তবায়নের নিমিত্ত অনুমোদিত হওয়ার পর ২ বার সংশোধন (তন্মধ্যে ১ বার মেয়াদবৃদ্ধিসহ সংশোধন) এবং ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে আরও ৩ বার মেয়াদবৃদ্ধি পূর্বক (Time Over-run: ৪ বছর, ১৬০%) কার্যক্রম সমাপ্ত করা হয় । প্রকল্প বাস্তবায়নে এরূপ পুন: পুন: মেয়াদবৃদ্ধি কাঙ্খিত নয়। প্রকল্প বাস্তবায়নে এরূপ দীর্ঘসূত্রিতা প্রকল্প বাস্তবায়ন ব্যয় বৃদ্ধিসহ প্রকল্পের উপযোগীতা প্রাপ্তি বিলম্বিত হয়। তাই ভবিষ্যতে সমজাতীয় প্রকল্পের ক্ষেত্রে মেয়াদ বৃদ্ধির এ সংস্কৃতি পরিহার করা প্রয়োজন।

১২.১৩. বাস্তবায়িত প্রকল্পের প্রতিটি প্যাকেজ/লটের (২০টি প্যাকেজ ও ৪টি লট) ক্ষেত্রেই চুক্তিবদ্ধ সময়কালের অতিরিক্ত সময় ব্যবহার করে বাস্তবায়ন করা হয়েছে। এ ক্ষেত্রে প্রকল্প বাস্তবায়নের শ্লথগতি প্রতীয়মান। তাই ভবিষ্যতে সমজাতীয় প্রকল্পের ক্ষেত্রে প্যাকেজের বাস্তবায়ন মেয়াদ যথাযথভাবে প্রাক্কলনপূর্বক বাস্তবায়নে আরও যত্নশীল হওয়া প্রয়োজন।

১২.১৪. একাধিক বিদ্যালয়ের ভবন নির্মাণ কাজ (অধিকাংশ ক্ষেত্রে ৭টি বিদ্যালয়ের ভবন) একটি প্যাকেজের অন্তর্ভুক্ত করে দরপত্র প্রক্রিয়াকরণ করায় একজন ঠিকাদার ভিন্ন ভিন্ন সাইটে একই সঙ্গে সাতটি ভবনের কাজ সম্পন্ন করতে অনেক ক্ষেত্রে বিলম্বিত হয়েছে মর্মে পরিলক্ষিত হয়। এ ক্ষেত্রে বিদ্যালয় প্রতি আলাদা আলাদা প্যাকেজে বা যথোপযোগী পদ্ধতিতে দরপত্র প্রক্রিয়াকরণ বাঞ্ছনীয় ছিল। ভবিষ্যতে সমজাতীয় প্রকল্প বাস্তবায়নে মন্ত্রণালয় ও বাস্তবায়নকারী সংস্থা প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করবে।

১২.১৫. বাস্তবায়িত প্রকল্পের উন্নয়ন সহযোগী সংস্থা-আইডিবি হতে বাস্তবায়ন কার্যক্রমের প্রেক্ষিতে অর্থছাড়/বিল প্রদানের বিলম্ব/ধীরগতির কারনে প্রকল্প বাস্তবায়ন ব্যাহত হয়েছে মর্মে পরিলক্ষিত হয়। ভবিষ্যতে সমজাতীয় প্রকল্প বাস্তবায়নে উন্নয়ন সহযোগী সংস্থার অর্থপ্রাপ্তি নিশ্চিতকরণ ও ফান্ড ব্যবস্থাপনায় আরও সতর্ক ও যত্নবান হওয়া প্রয়োজন।

১২.১৬. প্রকল্পের আওতায় নির্বাচিত প্রতিটি স্কুলে প্রদেয় Teaching & Learning Materials (TLM) সরবরাহ (ল্যাপটপ, মাল্টিমিডিয়া, এন্টারেকটিভ হোয়াইট বোর্ড, সাউন্ড সিস্টেম) এবং অন্যান্য আনুষঙ্গিক যন্ত্রাদি বিশেষকরে যেগুলোর ওয়ারেন্টি পিরিয়ড রয়েছে, সেগুলোর ক্ষেত্রে বিক্রয়োত্তর সেবা প্রাপ্তি, রক্ষণাবেক্ষণ ও

ট্রাবলসুটিং তথা নিরবিচ্ছিন্ন ব্যবহার নিশ্চিতকরণের লক্ষ্যে ব্যবহার গাইডলাইন প্রণয়নসহ বাস্তবায়নকারী সংস্থা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

১২.১৭. নির্মিত ভবনসমূহে ছাদে অনেকক্ষেত্রে পরিচ্ছন্নতার অভাবে গাছের পাতা, শেওলা এবং বিভিন্ন আগাছা জন্মে ছাদের কংক্রিটের গুনগণমান বিনষ্ট করে মর্মে প্রতীয়মান হয়। এক্ষেত্রে যেহেতু, ভবনসমূহ ৪ তলা ভিতবিশিষ্ট করা হয়েছে, তাই ভবিষ্যতে এর উর্ধ্বমূখী সম্প্রসারণের ক্ষেত্র নির্মিত ভবনে ছাদের কংক্রিটের গুনগণমান অক্ষুন্ন রাখা প্রয়োজন।

১২.১৮. প্রকল্পের আওতায় নির্মিত ওয়াশ ব্লক ও টিউবওয়েল পরিচ্ছন্ন ও ব্যবহার উপযোগী রাখা জরুরী। এছাড়া, ভবনসমূহ যেহেতু ৪ তলা ভিতবিশিষ্ট করা হয়েছে, তাই ভবিষ্যতে প্রয়োজনের প্রেক্ষিতে সম্প্রসারণের লক্ষ্যে স্থাপিত ভবনসমূহ নির্দিষ্ট সময়ান্তে মেরামত ও রক্ষণাবেক্ষণ অব্যাহত রাখতে হবে।

১২.১৯. প্রকল্পে আওতাভুক্ত বিদ্যালয়সমূহে ক্ষেত্র বিশেষ বাউন্ডারী ওয়ালের (বিশেষ করে নদী/জলাধার/বড় রাস্তা/রেল লাইন পার্শ্ববর্তী) প্রয়োজনীয়তা বিভিন্ন পর্যায়ে পরিদর্শনে প্রতীয়মান হয়। এ বিষয়ে প্রশাসনিক মন্ত্রণালয়সহ বাস্তবায়নকারী সংস্থা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে পারে।

১২.২০. আলোচ্য প্রকল্পের অন্যতম উদ্দেশ্য হচ্ছে প্রকল্প এলাকায় শিক্ষার উন্নত পরিবেশ সৃষ্টি ও সকল শিক্ষার্থীর ভর্তি নিশ্চিত করা। এ ক্ষেত্রে উল্লেখিত এ উদ্দেশ্যটি কতটুকু সফলভাবে অর্জিত হয়েছে তার কোন পরিসংখ্যানগত তথ্য পিসিআর এ উল্লেখ নেই। এ বিষয়ে আলোচ্য প্রকল্পের প্রভাব মূল্যায়ন করে দেখা যেতে পারে। বর্ণিত ক্ষেত্রে প্রশাসনিক মন্ত্রণালয়সহ বাস্তবায়নাকারী সংস্থা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

১২.২১. বাস্তবায়িত প্রকল্পের যথাযথভাবে অডিট সম্পন্ন করতে হবে। এ বিষয়ে বাস্তবায়নাকারী সংস্থা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

১২.২২. উল্লিখিত সুপারিশসমূহের (১২.১-১২.১০ নং অনুচ্ছেদ) আলোকে গৃহীত পদক্ষেপ সম্পর্কে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক আইএমইডি-কে অবহিত করবে।

# ইংলিশ ইন অ্যাকশন শীর্ষক প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন
**(সমাপ্ত: ডিসেম্বর, ২০১৭)**

**১। প্রকল্পের নাম** : ইংলিশ ইন অ্যাকশন

**২। (ক) উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ** : প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
(মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ এ প্রকল্পের supplementary মন্ত্রণালয়)

**(খ) বাস্তবায়নকারী সংস্থা** : প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
(মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর এ প্র কল্পের supplementary বাস্তবায়নকারী সংস্থা)

**৩। প্রকল্পের অবস্থান** : সমগ্র বাংলাদেশ।

**৪। প্রকল্পের ধরণঃ** বিনিয়োগ প্রকল্প (জিওবি ৩০০.০০ লক্ষ টাকা এবং DFID এর অনুদান ১৪১৪৫.৪২ লক্ষ টাকা)।

**৫। প্রকল্প ব্যয় ও বাস্তবায়নকালঃ**

(লক্ষ টাকায়)

| মূল অনুমোদিত ব্যয় | প্রকৃত ব্যয় | পরিকল্পিত বাস্তবায়নকাল<br>মূল অনুমোদিত প্রকল্প | প্রকৃত বাস্তবায়ন কাল | অতিক্রান্ত ব্যয় (মূল প্রকল্প ব্যয়ের %) | অতিক্রান্ত সময় (মূল বাস্তবায়ন কালের %) |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ১৪,৪৪৫.৬২ | ১৪,৬৬৩.১৫ | জুলাই ২০১১ হতে ডিসেম্বর ২০১৭ | এপ্রিল ২০০৮ হতে ডিসেম্বর ২০১৭ | ২১৭.৫৩ লক্ষ টাকা (১.৫০%) | - |

*DFID এর তহবিলে প্রকল্পের কার্যক্রম এপ্রিল ২০০৮ সালে শুরু করা হয়। পরবর্তীতে প্রকল্পটি ৪.৯.২০১২ একনেক কর্তৃক অনুমোদনের পর বার্ষিক উন্নয়ন কর্মসূচীতে অন্তর্ভুক্ত করা হয়।

**৬। প্রকল্পের অংগভিত্তিক বাস্তবায়ন (মন্ত্রণালয় হতে প্রাপ্ত প্রকল্প সমাপ্তি প্রতিবেদন (পিসিআর)-এর ভিত্তিতে):**

(লক্ষ টাকায়)

| ক্রমিক নং | অনুমোদিত ডিপিপি অনুযায়ী কাজের অংগ | সংখ্যা/ পরিমাণ | অনুমোদিত ডিপিপি অনুযায়ী লক্ষ্যমাত্রা | | প্রকৃত বাস্তবায়ন | |
|---|---|---|---|---|---|---|
| | | | আর্থিক | বাস্তব | আর্থিক (%) | বাস্তব (%) |
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৭) | (৬) |
| **(ক) রাজস্ব ব্যয়ঃ** | | | | | | |
| ৫১. | বেতন ও অন্যান্য ভাতাদি | ৭ জন | ১৬৩.০৫ | - | পিসিআর এ উল্লেখ নেই | পিসিআর এ উল্লেখ নেই |
| ৫২. | সরবরাহ ও সেবা | থোক | ৮৫.০০ | - | পিসিআর এ উল্লেখ নেই | পিসিআর এ উল্লেখ নেই |
| ৫৩. | মেরামত ও রক্ষণাবেক্ষণ | থোক | ২১.৯৫ | - | পিসিআর এ উল্লেখ নেই | পিসিআর এ উল্লেখ নেই |
| ৫৪. | অফিস ভাড়া | ৭৮ মাস | ৩০.০০ | - | পিসিআর এ উল্লেখ নেই | পিসিআর এ উল্লেখ নেই |
| ৫৫. | মাইক্রোবাস ভাড়া | ১টি (৭৮) মাস | ৪০.০০ | - | ৪৭.৬৩ | ৫০ (সংখ্যা/পরিমান প্রাপ্ত পিসিআর এ উল্লেখ করা হয়নি) |
| | **উপ-মোট (রাজস্ব):** | | **৩৪০.০০** | | * | - |
| ৫৬. | যন্ত্রপাতি ও অন্যান্য সরঞ্জাম ক্রয় | ফটোকপিয়ার-১, ল্যাপটপ-৪, (প্রিন্টার ও সফটওয়্যারসহ), | ৯.০০ | - | ৮.৪৮ | ফটোকপিয়ার, প্রিন্টার-৪, ল্যাপটপ-৪, এসি-১, ফ্যাক্স মেশিন-১ |

| ক্রমিক নং | অনুমোদিত ডিপিপি অনুযায়ী কাজের অংগ | সংখ্যা/ পরিমাণ | অনুমোদিত ডিপিপি অনুযায়ী লক্ষ্যমাত্রা | | প্রকৃত বাস্তবায়ন | |
|---|---|---|---|---|---|---|
| | | | আর্থিক | বাস্তব | আর্থিক (%) | বাস্তব (%) |
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৭) | (৬) |
| | | এসি-১টি, ফ্যাক্স মেশিন-১ | | | | |
| ৫৭. | আসবাবপত্র (পিএমইউ) | থোক | ৫.০০ | - | ৩.৩৪ | থোক |
| ৫৮. | **প্রাথমিক বিদ্যালয়ের জন্যঃ** | | | | | |
| | প্রশিক্ষক ও প্রশিক্ষণ সামগ্রীর উন্নয়ন ও ব্যবস্থাপনা | থোক | ১৯২৫.০০ | - | ১৯৫৭.৯২ | - |
| | শিক্ষক প্রশিক্ষণ এবং সহায়তা | ৪৫,০০০ জন শিক্ষক | ৩৭০০.০০ | - | ৩৭৮২.৩৩ | ৪৫০০০ জন শিক্ষক |
| ৫৯. | **মাধ্যমিক বিদ্যালয়ের জন্যঃ** | | | | | |
| | প্রশিক্ষক ও প্রশিক্ষণ সামগ্রীর উন্নয়ন ও ব্যবস্থাপনা | থোক | ১০৫০.০০ | - | ১৩৪৪.৪০ | - |
| | শিক্ষক প্রশিক্ষণ এবং সহায়তা | ৬,০০০ জন শিক্ষক | ২০২০.০০ | - | ২৬০১.৪৭ | ৬,০০০ জন শিক্ষক |
| ৬০. | **প্রাথমিক ও মাধ্যমিক বিদ্যালয়ের জন্যঃ** | | | | | |
| | গবেষণা, পরিবীক্ষণ ও মূল্যায়ন | থোক | ২০২৫.০০ | - | ১৯৭১.০৪ | - |
| ৬১. | বিদ্যালয়ের জন্য অডিও ভিজুয়াল ও আইসিটি সরঞ্জাম ক্রয় | থোক | ১০৫৩.০০ | - | ৮১৮.৯৮ | - |
| ৬২. | প্রাতিষ্ঠানিকীকরণ/ যোগাযোগ | থোক | ১০৬০.০০ | - | ২১২৭.৫৬ | - |
| | **উপ-মোট (মূলধন):** | | **১২৮৪৭.০০** | - | | - |
| **(গ)** | **ফিজিক্যাল কন্টিনজেন্সী** | ২% | **২৫৮.৬২** | - | **০.০০** | - |
| **(ঘ)** | **প্রাইস কন্টিজেন্সী** | ৮% | **১০০০.০০** | - | **০.০০** | - |
| | **সর্বমোট (ক+খ+গ+ঘ):** | | **১৪৪৪৫.৬২** | - | **১৪৬৬৩.১৫ **** | - |

* বর্ণিত খাতসমূহে সংখ্যা/পরিমাণ ও ব্যয়িত অর্থের বিবরণ প্রাপ্ত পিসিআর এ প্রদান করা হয়নি।

** DFID কর্তৃক প্রকল্প সাহায্য (PA) বাবদ প্রাক্কলনের তুলনায় অতিরিক্ত অর্থ ব্যয় করা হয়। এ প্রেক্ষিতে প্রকল্প সংশোধনের উদ্যোগ নেয়া হলেও পরবর্তীতে প্রকল্পটি সংশোধিত হয়নি। ফলে প্রকল্পের মূল প্রাক্কলন ১৪,৪৪৫.৬২ লক্ষ টাকার হলেও প্রকৃত পক্ষে ১৪৬৬৩.১৫ লক্ষ টাকা ব্যয়ের বিষয়ে পিসিআরে উল্লেখ করা হয়েছে।

**৭। কাজ অসমাপ্ত থাকলে তার কারণঃ** কোন কাজ অসমাপ্ত নেই মর্মে প্রকল্প পরিচালকের কাছ থেকে জানা যায়।

**৮। সাধারণ পর্যবেক্ষণঃ**

**৮.১। পটভূমিঃ**

দেশের ৬৪টি জেলার প্রকল্পের কাজ বাস্তবায়ন করা হয়েছে। প্রাথমিক পর্যায়ের ৪৫ লক্ষ শিক্ষার্থী ও ৪৫ হাজার শিক্ষক এবং মাধ্যমিক পর্যায়ের ২৫ লক্ষ শিক্ষার্থী ও ৬ হাজার শিক্ষককে ইংরেজী কথোপকথন প্রশিক্ষণ প্রদান, ১ম-৯ম শ্রেণীর কারিকুলাম উন্নয়ন ও ময়মনসিংহস্থ নেপ-এ একটি ইএলটি সেন্টার স্থাপনসহ অন্যান্য কার্যক্রম পরিচালনার জন্য প্রকল্পটি গত ০৪/০৯/২০১২ তারিখে একনেক কর্তৃক অনুমোদিত হয়। উন্নয়ন সহযোগী DFID বিশ্বের বিভিন্ন দেশে একই শিরোনামে একই ধরনের প্রকল্প বাস্তবায়ন করে। এ প্রেক্ষিতে DFID তাদের অর্থে কার্যক্রম শুরু করে। পরবর্তীতে এ প্রকল্প একনেক কর্তৃক অনুমোদনের পর এডিপিতে অন্তর্ভুক্ত করা হয়।

**৮.২। প্রকল্পের উদ্দেশ্যঃ**

- কমিউনিকেটিভ ইংলিশ ও ইংরেজি ভাষার শিক্ষক-শিক্ষিকা ও শিক্ষার্থীদের দক্ষতা বৃদ্ধি করা;
- শিক্ষকতার পদ্ধতিগত উন্নয়নের জন্য একটি টেকসই কাঠামোর উন্নয়ন করা;

- উচ্চ শিক্ষায় এবং বৈশ্বিক অর্থ নীতিতে সহজ প্রবেশাধিকার নিশ্চিত করার জন্য ইংরেজি ভাষাকে একটি উপকরণ হিসেবে ব্যবহার করা যাতে তা বাংলাদেশের অর্থনীতিতে অবদান রাখতে পারে;
- ১ম শ্রেণি থেকে ৯ম শ্রেণি পর্যন্ত শিক্ষার্থীদের জন্য ইংরেজি পাঠ্যক্রম সমৃদ্ধ করা এবং ইংরেজি বিষয়ে মূল্যায়ন কাঠামো পরিবর্তন বা সমন্বয় সাধনের জন্য নির্দেশনা প্রদান।

### ৮.৩। অনুমোদন পর্যায়সমূহঃ

প্রকল্পটি ১৪,৪৪৫.৬২ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে ও জুলাই, ২০১১ হতে ডিসেম্বর, ২০১৭ মেয়াদে বাস্তবায়নের জন্য একনেক কর্তৃক গত ০৪/০৯/২০১২ তারিখে অনুমোদিত হয়। প্রকল্পে জিওবি অর্থায়ন ৩.০০ কোটি টাকা ও DFID-এর অনুদান ১৪১.৪৫ কোটি টাকা। DFID অংশের অর্থ সংস্থা তাদের নিজস্ব পদ্ধতিতে ব্যয় করে। অনুমোদিত প্রকল্পের চেয়ে PA খাতে বেশী অর্থ ব্যয় করা হয়। এ প্রেক্ষিতে প্রকল্প সংশোধনের উদ্যোগ নেয়া হলেও প্রকল্প পরবর্তীতে সংশোধিত হয়নি মর্মে প্রকল্প পরিচালক অবহিত করেন। উল্লেখ্য, প্রকল্পের DFID এর অংশে ক্রয় কার্যক্রমসমূহ সম্পন্ন করা হয়েছে ও তা DFID সরাসরি অর্থ সংস্থান ও ব্যয় করেছে। জিওবি অংশে শুধুমাত্র PMU এর বেতন-ভাতা বাবদ ব্যয় নির্বাহ করা হয়েছে মর্মে পরিদর্শনকালে জানানো হয়।

### ৮.৪। প্রকল্পের মূল কার্যক্রমঃ

- প্রাথমিক পর্যায়ের ৪৫০০০ এবং মাধ্যমিক পর্যায়ের ৬০০০ শিক্ষক-শিক্ষিকাকে কমিউনিকেটিভ ইংরেজির উপর প্রশিক্ষণ প্রদান;
- শিক্ষকদের প্রশিক্ষণ প্রদানের জন্য মাস্টার ট্রেইনার তৈরি করা;
- মাঠ পর্যায়ে সাব-ক্লাস্টার ও ক্লাস্টার লেভেলে শিক্ষকদের টিচিং ও লার্নিং ক্লাব গঠন করা;
- ধারাবাহিক পরিবীক্ষণ মূল্যায়ন ও গবেষণা;
- প্রাথমিক শিক্ষা একাডেমি (নেপ) এ একটি ইংলিশ টিচিং ল্যাব গঠন করা যার মাধ্যমে এ প্রকল্পের কার্যক্রম প্রাতিষ্ঠানিকীকরণ করা হবে যাতে এ প্রকল্প শেষ হওয়ার পরও প্রকল্পের সুবিধাসমূহ ব্যবহার করা যায়।

### ৮.৫। প্রকল্প ব্যবস্থাপনাঃ

প্রকল্প মেয়াদে নিম্নবর্ণিত কর্মকর্তা প্রকল্প পরিচালকের দায়িত্বে নিয়োজিত ছিলেন (পিসিআর অনুযায়ী প্রাপ্ত তথ্য):

| ক্র: নং | প্রকল্প পরিচালকের নাম ও পদবি | দায়িত্ব গ্রহণ | দায়িত্ব হস্তান্তর | দায়িত্বের ধরণ |
|---|---|---|---|---|
| ১. | জনাব মাহাবুবুন্নাহার<br>পরিচালক | - | - | খন্ডকালীন |
| ২. | জনাব ফারুখ জলিল<br>পরিচালক | - | - | খন্ডকালীন |
| ৩. | জনাব মনিন্দ্র নাথ রায়<br>পরিচালক | - | ২০/০৮/২০১৩ | খন্ডকালীন<br>(অতিরিক্ত দায়িত্বপ্রাপ্ত) |
| ৪. | জনাব সিদ্দিকুর রহমান<br>সহযোগী অধ্যাপক | ২০/০৮/২০১৩ | ০১/০৮/২০১৬ | পূর্ণকালীন |
| ৫. | জনাব ফজরুর রহমান ভূঁইয়া<br>পরিচালক | ০১/০৮/২০১৬ | ১৫/০৯/২০১৬ | খন্ডকালীন<br>(অতিরিক্ত দায়িত্বপ্রাপ্ত) |
| ৬. | জনাব এস.এম. আলমগীর কবির<br>সহযোগী অধ্যাপক | ১৫/০৯/২০১৬ | ০৫/১০/২০১৬ | পূর্ণকালীন |
| ৭. | জনাব এফ.এম. এনামুল হক<br>পরিচালক (ফিন্যান্স) | ০৫/১০/২০১৬ | ১৯/১০/২০১৬ | খন্ডকালীন<br>(অতিরিক্ত দায়িত্বপ্রাপ্ত) |
| ৮. | প্রফেসর ড. এস. এম আলমগীর কবির<br>অধ্যাপক | ১৯/১০/২০১৬ | ৩১/১২/২০১৭ | পূর্ণকালীন |

## ৯। অর্থবছর ভিত্তিক অগ্রগতিঃ

| অর্থ বছর | সংশোধিত এডিপি বরাদ্দ | | | অর্থছাড় | ব্যয় | | |
|---|---|---|---|---|---|---|---|
| | মোট | টাকা | প্রকল্প সাহায্য | | মোট | টাকা | প্রকল্প সাহায্য |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| ২০১২-১৩ | পিসিআর এ উল্লেখ নেই | পিসিআর এ উল্লেখ নেই | ১৮০০.০০ | পিসিআর এ উল্লেখ নেই | প্রাপ্ত পিসিআর এ উল্লেখ নেই | প্রাপ্ত পিসিআর এ উল্লেখ নেই | ১৮০০.০০ |
| ২০১৩-১৪ | পিসিআর এ উল্লেখ নেই | পিসিআর এ উল্লেখ নেই | ৭৩৬০.০০ | পিসিআর এ উল্লেখ নেই | প্রাপ্ত পিসিআর এ উল্লেখ নেই | প্রাপ্ত পিসিআর এ উল্লেখ নেই | ৭৩৬০.০০ |
| ২০১৪-১৫ | পিসিআর এ উল্লেখ নেই | পিসিআর এ উল্লেখ নেই | ১৮২৬.০০ | পিসিআর এ উল্লেখ নেই | প্রাপ্ত পিসিআর এ উল্লেখ নেই | প্রাপ্ত পিসিআর এ উল্লেখ নেই | ১৮২৬.০০ |
| ২০১৫-১৬ | পিসিআর এ উল্লেখ নেই | পিসিআর এ উল্লেখ নেই | ১৮২৬.০০ | পিসিআর এ উল্লেখ নেই | প্রাপ্ত পিসিআর এ উল্লেখ নেই | প্রাপ্ত পিসিআর এ উল্লেখ নেই | ১৮২৬.০০ |
| ২০১৬-১৭ | পিসিআর এ উল্লেখ নেই | পিসিআর এ উল্লেখ নেই | ১২৯৩.০০ | পিসিআর এ উল্লেখ নেই | প্রাপ্ত পিসিআর এ উল্লেখ নেই | প্রাপ্ত পিসিআর এ উল্লেখ নেই | ১২৯৩.০০ |
| ২০১৭-১৮ | পিসিআর এ উল্লেখ নেই | পিসিআর এ উল্লেখ নেই | ৪৮৬.০০ | পিসিআর এ উল্লেখ নেই | প্রাপ্ত পিসিআর এ উল্লেখ নেই | প্রাপ্ত পিসিআর এ উল্লেখ নেই | ৪৮৬.০০ |

## ১০। প্রকল্পের উদ্দেশ্য ও অর্জনঃ

(লক্ষ টাকায়)

| পরিকল্পিত উদ্দেশ্য | অর্জন |
|---|---|
| • প্রাথমিক ও মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষার্থীদের ইংরেজিতে যোগাযোগের দক্ষতা বৃদ্ধি করা। | • প্রকল্পের আওতায় ৫২৫০০০ শিক্ষককে প্রশিক্ষণ প্রদান করা এবং প্রাথমিক ও মাধ্যমিক উভয় স্তরের ৭.৮ মিলিয়ন শিক্ষার্থী প্রকল্প হতে উপকৃত হয়েছে। |
| • AV এবং ICT সরঞ্জাম ব্যবহার করে কমিউনিকেটিভ ইংরেজি শেখানোর জন্য শিক্ষকের সক্ষমতা বৃদ্ধি পায়। | • বিদ্যমান পাঠ্যক্রম এবং পাঠ্য বই এর সম্পূরক AV উপকরণ তৈরি করা হয়েছে। ২০০৮-২০১৪ কোহর্টের সমস্ত শিক্ষককে AV উপকরণ এবং সমস্ত শিক্ষককে আইসিটি সরঞ্জাম সরবরাহ করা হয়েছে। |
| • প্রকল্পের অধীনে বিকশিত শিক্ষাগত পদ্ধতিগুলি চালিয়ে যাওয়ার জন্য একটি টেকসই কাঠামো তৈরি করা। | • DPEd কোর্সের মাধ্যমে এমবেডেড ইআইএ পদ্ধতি এবং উপকরণ ব্যবহার করা হচ্ছে। ডিপিই-তে বিষয়ভিত্তিক প্রশিক্ষণ ইংরেজি, এনসিটিবি-র শিক্ষক সংস্করণ এবং ডিপিই-তে কাস্টমাইজড ইংরেজি ভাষা প্রশিক্ষণ, শিক্ষা ও শেখার জন্য একটি উৎকর্ষ কেন্দ্র স্থাপনের জন্য প্রদান করা হয়েছে। NAPE সংযোজন করা হয়েছে।। EIA ইংরেজি ভাষার প্রাথমিক শিক্ষকদের (গ্রেড ১-৫) জন্য ৫ টি শিক্ষক সংস্করণে ইনপুট প্রদান করেছে। ইংরেজি শিক্ষাকে আরও যোগাযোগভিত্তিক করার জন্য EIA-এর কৌশল এবং উপকরণগুলি (যেমন অ্যাক্টিভিটি গাইড, ইন্টারেক্টিভ অনুশীলন যেমন পিয়ার ওয়ার্ক, A/V রিসোর্স) শিক্ষক সংস্করণে একীভূত করা হয়েছে বিধায় প্রকল্পের উদ্দেশ্য অর্জিত হয়েছে। |
| • গ্রেড-১ থেকে গ্রেড-৯-এর শিক্ষার্থীদের জন্য ইংরেজি পাঠ্যক্রম উন্নত করা এবং ইংরেজি বিষয়ের মূল্যায়ন পদ্ধতি সংস্কার করার বিষয়ে পরামর্শ দেওয়া। | • প্রাথমিক শিক্ষকদের জন্য NCTB-এর পাঠ্যক্রম ডিজাইন প্রশিক্ষণ ম্যানুয়াল, ২০১৩-১৪ সালে তৈরী করা হয়েছে, যা বর্তমানে ব্যবহার করা হচ্ছে।<br>• সেপ্টেম্বর ২০১৪-এ SESIP, NCTB এবং EIA সমন্বয়ে শিক্ষক |

| পরিকল্পিত উদ্দেশ্য | অর্জন |
|---|---|
| | পাঠ্যক্রম নির্দেশিকা (গ্রেড-৬-৮) প্রণয়ন করা হয়েছে।<br>• ইংরেজি পরীক্ষায় ১০% মূল্যায়ন কথা বলা এবং শোনার জন্য সুপারিশ করা হয়েছে। |

**১১। উদ্দেশ্য অর্জিত না হলে তার কারণঃ**

প্রকল্পের উদ্দেশ্য অর্জিত হয়েছে মর্মে পিসিআর পর্যালোচনায় জানা যায়।


**১২। অডিট সংক্রান্ত তথ্যঃ**


প্রকল্পের অডিট সংক্রান্ত তথ্য পিসিআর-এ সন্নিবেশিত নেই।

**১৩। প্রকল্প পরিদর্শনঃ**

প্রকল্পটির কার্যক্রম গত ৩১ ডিসেম্বর ২০১৭ তারিখে সম্পন্ন হয়েছে। প্রকল্পটির সকল ডকুমেন্ট প্রাথমিক ও গণশিক্ষা অধিদপ্তরে হস্তান্তর করা হয়েছে বিধায় সমাপ্ত প্রকল্পটির নথিপত্র ও তথ্যাদি যাচাই এর জন্য গত ২২/১২/২০২১ তারিখে আইএমইডি কর্তৃক সংশ্লিষ্ট দপ্তরে প্রকল্পের নথি ও তথ্যাদি যাচাই-বাছাই করা হয়।

**১৪। প্রকল্পের স্থিরচিত্র ও বর্ণনা:**




**১৫। আইএমইডি'র পর্যবেক্ষণঃ**

১) "ইংলিশ ইন অ্যাকশন " প্রকল্পটি একটি বিনিয়োগ প্রকল্প, যার সর্বমোট প্রাক্কলিত ব্যয় ১৪৪.৪৬ কোটি টাকার মধ্যে উন্নয়ন সহযোগী (DFID) এর অংশ হল ১৪১.৪৬ (১২.০৯ মিলিয়ন পাউন্ড) কোটি টাকা এবং জিওবি অংশ ৩.০০ কোটি টাকা। উন্নয়ন সহযোগী সংস্থা DFID-এর নিজস্ব জনবল দ্বারা মূলত: প্রকল্পের বাস্তবায়ন সম্পন্ন করা হয়েছে। প্রকল্পের আওতায় বাংলাদেশ সরকারের পক্ষে গঠিত প্রকল্প মনিটরিং ইউনিট (PMU)-এর মাধ্যমে প্রকল্পের সমন্বয় ও মনিটরিং এর কার্যক্রম সম্পন্ন করা হয়েছে মর্মে জানানো হয়।

২) এ প্রকল্পটি মূলত একটি প্রশিক্ষণভিত্তিক প্রকল্প। প্রশিক্ষণের মাধ্যমে প্রাথমিক ও মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষক শিক্ষার্থীদের ইংরেজিতে যোগাযোগের দক্ষতা বৃদ্ধি এই প্রকল্পের মূল কার্যক্রম। প্রকল্পটির সমাপ্তি মূল্যায়ন

সম্পাদনকালে প্রকল্পটির প্রকল্প পরিচালক প্রকল্পে সম্পাদিত প্রশিক্ষণের প্রশিক্ষণ/দক্ষতা উন্নয়নের উপাদানসমূহ (Training Materials) প্রদর্শন করেন।

৩) প্রকল্পটির কার্যক্রম সম্পন্ন হয়েছে গত ৩১/১২/২০১৭ তারিখে এবং এর পিসিআর আইএমইডি তে প্রেরণ করা হয়েছে গত ৩১/০৭/২০১৮ তারিখে। প্রকল্প সমাপ্তির ৩ মাসের মধ্যে PCR দাখিলের বিধান থাকলেও বিলম্বে পিসিআর দাখিল করা হয়ে ছে। এক্ষেত্রে যথাসময়ে পিসিআর প্রেরণে প্রকল্প কর্তৃপক্ষ এবং মন্ত্রণালয়ের উদাসীনতা পরিলক্ষিত হয়।

৪) প্রাপ্ত পিসিআরটি পর্যালোচনা করে দেখা যায় যে, পিসিআর-এর অনেক মূল উপাদান ( component) যথাযথভাবে এবং ক্ষেত্র বিশেষে অনেক উপাদান (প্রকল্পটির পিসিআর-এ অডিট কার্যক্রম সম্পর্কে কোনো তথ্য, রাজস্ব ব্যয়, মূলধন ব্যয় ইত্যাদি) একেবারেই সন্নিবেশিত করা হয়নি। এ বিবেচনায় প্রাপ্ত পিসিআরটি অসম্পূর্ণ।

৫) প্রকল্পের পিসিআর -এ তথ্যাদি সম্পূর্ণভাবে প্রদান না করার কারণ বোধগম্য নয়। পিসিআর -এ প্রয়োজনীয় তথ্যাদি যথাযথভাবে প্রদান ও যাচাই না করে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় হতে আইএমইডিতে প্রেরণ করা হয়েছে। পিসিআরটি প্রণয়ন কাজে মন্ত্রণালয়ের উদাসীনতা ও গাফিলতী পরিলক্ষিত হয়। ভবিষ্যতে পূর্ণাঙ্গ তথ্যাদিসহ PCR দাখিলের জন্য প্রকল্প পরিদর্শনকালে মতব্যক্ত করা হয়।

৬) প্রকল্পের আওতায় স্টিয়ারিং কমিটির ৮টি সভা অনুষ্ঠিত হয়েছে মর্মে জানানো হয়েছে। DFID-এর নিজস্ব অডিট ব্যবস্থায় প্রকল্পের PA-অংশের অডিট সম্পাদিত হয়েছে। এ প্রেক্ষিতে FAPAD কর্তৃক প্রকল্পের অডিট সম্পাদন করা হয়নি।

**১৬। সুপারিশঃ**

১) প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের "ইংলিশ ইন এ্যাকশন " শীর্ষক প্রকল্পের পি সিআরটি একটি অসম্পূর্ণ পিসিআর। এতে তথ্যাদি পূর্ণাঙ্গ ও যথাযথভাবে সন্নিবেশন করা হয়নি। ভবিষ্যতে প্রকল্পের পিসিআর প্রেরণের পূর্বে সংশ্লিষ্ট মন্ত্রণালয়কে যথাযথভাবে যাচাই-বাছাই করে পূর্ণাঙ্গ তথ্যাদির সংযোজনপূর্বক পিসিআর আইএমইডিতে প্রেরণ করতে হবে।

২) প্রকল্প সংশোধনের প্রয়োজন হলেও ডিপিপি সংশোধন না করে প্রকল্পটি শেষ করা হয়েছে। এটি পরিকল্পনা শৃংখলার ব্যত্যয়। ভবিষ্যতে পরিপত্রের বিধানের আলোকে প্রকল্প সংশোধন ও যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনের বিষয়ে ব্যবস্থা গ্রহণ করতে হবে।

৩) প্রকল্প সুষ্ঠু ও যথাযথভাবে সম্পাদনের লক্ষ্যে সংশ্লিষ্ট সংস্থা/মন্ত্রণালয়ের সক্ষমতা বৃদ্ধি করতে হবে।

৪) প্রকল্প হতে প্রাপ্ত উপকরণ ও যন্ত্রপাতি বিধি মোতাবেক সং শ্লিষ্ট অধিদপ্তরে হস্তান্তরপূর্বক সংস্থায় TO&E-তে অন্তর্ভুক্তকরণে বিষয়ে ব্যবস্থা গ্রহণ করতে হবে।